ডাল ভাত, কলেজে ছাত্র ইউনিয়ন। ইউনিয়ন নিয়ে মেতে উঠলাম।... পদার্থবিদ্যার পাশে কবিতা কবিতার পাশে রাজনীতি। কমিউনিস্ট পার্টি ছাড়া আর অন্য কিছুই জানিনা। আমার মাথার উপর উত্তর কলকাতার আকাশ লাল হয়ে উঠছে। ছোট ছোট গোপন মিটিং মানুষেরা মুক্তির স্বপ্ন দেখছে।"

মৃণালদা লিখছেন—"কলেজে রাজনীতি শিখেছি। একটু আধটু লেখাপড়াও শিখেছি, এবার একটু চাকরি-বাকরি খোঁজ করতে হয়। দাদাদের সঙ্গে থাকি। চাকরি কোথায়? মন্বন্তর দাঙ্গা নৌ বিদ্রোহ আজাদ হিন্দ সপ্তাহ বন্দী মুক্তির মিছিল পোস্টাল ধর্মঘট শ্রমিক ধর্মঘট মিছিল মিটিং রক্তপাত সারাদেশ তখন চলেছে এসবের ভেতর দিয়ে। এসবের মধ্যেই কাটছে আমাদের দিন দুপুর। ৪৩ এর মন্বন্তর সে একেবারে আমাদের চোখের সামনে। শহরটা চাষীদের নয়, কলকাতার রাজপথে তবু পড়ে থাকে চাষীদের মৃতদেহ শহরের রাজপথে নির্মম ঔদাসীন্য। ছেচল্লিশে প্রথম সিনেমা নিয়ে প্রবন্ধ লিখেছি।"

ফরিদপুর থেকে আসা এক উদ্বাস্তু পরিবারে বারো ভাই বোন এবং আরো একাধিক আত্মীয়স্বজনদের মধ্যে বড় হয়ে ওঠা মৃণাল সেনের মনের গড়ন-গঠন আর স্কটিশ চার্চ কলেজ থেকে হাজরা মোড়ের প্যারাডাইস কাফের আড্ডার জল হাওয়ায় তার পাখা মেলার ইতিবৃত্ত থেকে তাঁর চলচ্চিত্র নির্মাণ অভিযানকে আলাদা করে দেখা সম্ভব নয়। প্যারাডাইস কাফের আড্ডা নিয়ে মৃণালদা লিখছেন—"কালীঘাট দমকলের কাছে হেমবাবুর চায়ের দোকান। সকাল সন্ধ্যা আমরা ওখানে আড্ডা দিই। ঋত্বিকের 'নাগরিক' ছবির চিত্রনাট্যের একটা দৃশ্য ছিল এই চায়ের দোকানটা। 'প্যারাডাইস-ক্যাফে' চিত্রনাট্যের একটা দৃশ্য নয়। আমাদের জীবনের অজস্র সিকোয়েন্স। ... আমাদের দিনরাত্রির এই আড্ডায় কি ছিল না, মার্কস লেনিন স্টালিন গণসংগীত চ্যাপলিন আইজেনস্টাইন রাজশেখর বসু কমিউনিস্ট পাটি ফিল্ম-সোসাইটি লাল পতাকা রোজেলেনি পিকাসো নবজীবনের গান আইজেনস্টাইন...।" প্যারাডাইস কাফের আড্ডা নিশ্চিতভাবেই মৃণাল সেনের জীবনের মোড় পাল্টে দেয়। ওই কাফের আড্ডাতেই ধীরে ধীরে বড় হয়ে উঠছিল অসাধারণ সব ভবিষ্যৎ চলচ্চিত্র জগতের কর্মী-মহীরুহেরা। কে ছিলেন না সেখানে! মৃণাল সেন, ঋত্বিক ঘটক, তাপস সেন, সলিল চৌধুরী, হৃষিকেশ মুখার্জি, বংশী চন্দ্রগুপ্ত, আরো কেউ কেউ। এরপর মৃণালদার কথায়, "আমরা গেট ক্রাস করে ঢুকে পড়লাম টালিগঞ্জের স্টুডিও পাড়ায়।" ক্যামেরা আলো চিত্রনাট্য লেখা সিনেমার সেট বানানো ইলেকট্রিকের নানা রকম টুকিটাকি কাজের মধ্যে দিয়েই প্যারাডাইস কাফের সদ্য তিরিশের একদল টগবগে যুবক গেট ভেঙে ঢুকে পড়লেন টালিগঞ্জ স্টুডিও পাড়ায়।

মৃণাল সেন বানিয়েছেন ২৮টি পূর্ণদৈর্ঘ্যের ছবি এবং আরো কয়েকটি স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র। এই দীর্ঘ নির্মাণ সূচির আলোচনা বা কাটাছেঁড়া করা এই নিবন্ধকারের এক্তিয়ারের মধ্যে পড়ে না।

মৃণাল সেনের সঙ্গে দীর্ঘ ঘনিষ্ঠ সম্পর্ক নিশ্চিতভাবেই একজন সামাজিক রাজনৈতিক কর্মী আর একজন আন্তর্জাতিক চলচ্চিত্র নির্মাতার ব্যক্তিগত বন্ধুত্বের সম্পর্ক। শুধু মৃণালদার সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক নয়। বলা উচিত মৃণালদা, গীতাদি, কুণাল এবং তাদের পরিবারের সঙ্গে পরিবারের প্রায় একজন হয়েই দীর্ঘ প্রায় চার দশকের সম্পর্ক। সেই সম্পর্কের শক্তপোক্ত জমিতে দাঁড়িয়ে বলতে পারি আমার 'মৃণালদা' এবং 'মৃণাল সেনের সিনেমা' এ দুটি এক নিঃশ্বাসে আলোচ্য নয়। সিনেমা বিষয়ে এখানে খুব সংক্ষেপেই দু-চার কথা বলব। মানুষ মৃণাল সেন যাঁকে আমি রাস্তায় মিছিলে নাটকে আলোচনায় প্রতিবাদে দেখেছি বুঝেছি সেই প্রসঙ্গে কিছু ঘটনা স্মৃতিকথা পাঠকদের সঙ্গে ভাগ করে নিতে চাই।

মৃণালদা সব সময়েই বলতেন— "Always question your own conclusions. Don't pocket the truth, chase the truth"। আমার মনে হয়েছে সিনেমা নির্মাতা মৃণাল সেনের

প্রায় পাঁচ দশকের মূল কর্মকাণ্ডের পেছনেও এই সংকল্প কাজ করেছে "Always question your own conclusions"। মৃণাল সেনের বেশিরভাগ ছবিই একাধিকবার দেখেছি তো বটেই মৃণালদার সঙ্গে একসঙ্গে বসে গুরুত্বপূর্ণ বেশিরভাগ ছবিও দেখেছি। তারপর বাড়ি ফিরে ছবিগুলো নিয়ে লম্বা আড্ডাও হয়েছে। মৃণাল সেনের প্রায় বেশিরভাগ ছবিতেই চারপাশের সেই সময়কার রাজনৈতিক সামাজিক সাংস্কৃতিক ঘটনাবলীর প্রত্যক্ষ ছাপ খুব স্পষ্ট। অনেক সিনেমা সমালোচকরা এই অভিযোগ জানিয়ে এসেছেন অনেকদিন ধরেই যে তাতে করে ছবিগুলির শিল্পসৌকর্য ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি অবশ্য এই সিদ্ধান্তের সঙ্গে সহমত নই।

১৯৬৫ সালের ছবি 'আকাশ কুসুম' স্বাধীনতা-উত্তর ভারতে স্বপ্নভঙ্গের কাহিনী। 'আকাশ কুসুম' নিয়ে বাঙালি দর্শক সমালোচক মহলে দীর্ঘদিন আলোচনা তর্কবিতর্ক চলে। এমনকী ছবির পরিচালক মৃণাল সেন, কাহিনীকার আশীষ বর্মন সংবাদপত্রের পাতায় সত্যজিৎ রায়ের সঙ্গে দীর্ঘ প্রায় তিন সপ্তাহব্যাপী চিঠি বিতর্কে জড়িয়ে পড়েন। এই চিঠি বিতর্ক অনেকদিন পরেও আন্তর্জাতিক চলচ্চিত্র সমালোচক মহলে আলোচিত হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ্য যে সত্যজিৎ রায়ের দিক থেকে অনেকটাই কর্কশ মন্তব্য সত্ত্বেও মৃণাল সেন কখনোই পরিমিতি বোধ হারিয়ে কোন মন্তব্য করেননি।

ষাটের দশকের যে ছবি নিয়ে সারা ভারতবর্ষে মৃণাল সেনের পরিচিতি অথবা বলা যায় পৃথিবীতেও নতুন ধারার ভারতীয় চলচ্চিত্রের অভিযান শুরু, সেটি ১৯৬৯ সালে মুক্তি পাওয়া হিন্দি ভাষায় 'ভুবন সোম'। শ্যাম বেনেগালের কথায়, "'ভুবন সোম' ছবি ভারতীয় নব্য ধারার চলচ্চিত্রের উদ্বোধন বলা যেতে পারে।" অত্যন্ত সামান্য অর্থব্যয়ে নির্মিত এই ছবি সেই সময়ে ভারতবর্ষের সিনেমাপ্রেমী দর্শককে এক নতুন দিগন্তের মুখোমুখি এনে দাঁড় করায়। ছবির সিনেমা-ভাষা, নির্মাণ, উৎপল দত্ত, সুহাসিনী মূলে, আর শেখর চ্যাটার্জির অভিনয়, এখনো পর্যন্ত দর্শকের মনে অমলিন হয়ে আছে। প্রচলিত গল্প বলার রীতি ভেঙেচুরে, মৃণাল সেনের একেবারে নিজস্ব ঢঙে 'ভুবন সোম'-এর চিত্রনাট্য।

এর পরে সেই বহু আলোচিত সত্তরের দশকের মৃণাল সেন। যাঁর বয়স কখনোই কুড়ি অতিক্রম করে না। কলকাতা ট্রিলজির 'কলকাতা ৭১', 'ইন্টারভিউ', এবং 'পদাতিক' এই তিনটি ছবি নিয়েই বহু আলোচনা লেখালেখি হয়েছে। মৃণাল সেন নিজেও বহু কথা বলেছেন। আমি শুধুমাত্র 'পদাতিক' নিয়েই কয়েকটি কথা বলবো। যদিও 'ইন্টারভিউ' ছবিটিও তার কয়েকটি অসাধারণ বিশেষত্ব নিয়ে বাংলা চলচ্চিত্র তথা আন্তর্জাতিক চলচ্চিত্রের আলোচনায় দীর্ঘ সময় প্রাসঙ্গিক থাকবে। আশীষ বর্মনের গল্প নিয়ে নির্মিত এই ছবিতে গল্প বলা গল্পের আকার আকৃতি প্রকৃতির পুরনো ধারণাকে ভেঙে ফেলা। শুটিং ক্যামেরা নায়ক ইত্যাদি সমস্ত ধরনের প্রচলিত শব্দরাজিকে একসঙ্গে জড়ো করে পাশে সরিয়ে মৃণাল সেনের নতুন চলচ্চিত্র ভাষা 'ইন্টারভিউ'।

'পদাতিক'-এর আলোচনায় প্রথমেই আসবে সেই সময়ের কথা। তখন কিন্তু আমরা কলকাতা শহরের কুড়ি-পঁচিশের ছাত্র-যুবরা ভিয়েতনাম, ম্যাকনামারা, মাও সেতুং, সাংস্কৃতিক বিপ্লব পার হয়ে সুভাষ মুখোপাধ্যায়ের ভাষায় "নিশির ডাকে নিশান হাতে" "শ্রেণী শত্রু খতমের"-"গলাকাটার-যুগে"র অন্ধ গলিতে ঢুকে পড়েছি। অথবা বলা যায় আমাদের উনিশ-কুড়ি বয়সের অকৃপণ আবেগকে ব্যবহার করে আমাদেরকে এই রক্তাক্ত পিচ্ছিল পথে ঠেলে দেওয়া হলো। এই প্রেক্ষাপটেই 'পদাতিক' ছবির চিত্রনাট্য-কাহিনী দুটিই মৃণাল সেন-আশীষ বর্মনের যৌথ নির্মাণ।

একজন স্বনামধন্য বামপন্থী কবি সাংবাদিক অনুবাদক পত্রিকার সম্পাদক বুদ্ধিজীবী মৃণালদাকে বলেছিলেন "কী মশাই, এ তো সি আই এ-র ছবি করেছেন!" এই মন্তব্য শুনে আমি মৃণালদাকে বলেছিলাম— কমিউনিস্ট পার্টির চারপাশে জড়ো হওয়া এরকম অনেক বুদ্ধিজীবী, কবি, প্রাবন্ধিক আছেন, যাঁরা কখনোই কমিউনিস্ট পার্টির অথবা যে

কোনও সংগঠনেরই কোনও দায়িত্ব নেননি তাঁরাই আমাদের মতো উনিশ-কুড়ির একটা পুরো প্রজন্মকে সত্তরের দশকে পিঠ চাপড়েছেন, অন্ধ-কানা গলির আত্মঘাতী সর্বোপরি শ্রমজীবী মানুষের আন্দোলনকে ভেতর থেকে নষ্ট করে দেওয়ার সামগ্রিক প্রকল্পে বুঝে বা না বুঝে ঠেলে দিয়েছেন।

এই ছবি নিয়ে মৃণালদার সঙ্গে আলোচনা হয় 'পদাতিক' ছবি মুক্তির বেশ কয়েক বছর পরে। তখন আমরা বেশিরভাগই জেল থেকে ছাড়া পেয়েছি, আরো অনেকে যাঁরা জেলে আছেন তাঁদের জন্য বন্দী মুক্তি ও গণদাবি প্রস্তুতি কমিটি তৈরি করছি। বন্দী মুক্তি আন্দোলনের সেই প্রস্তুতি পর্বে মৃণালদার সঙ্গে নতুন আবহে যোগাযোগ। তখন 'বারোমাস' পত্রিকার প্রকাশনার উদ্যোগ চলেছে। আমিও সেই উদ্যোগের সঙ্গে যথারীতি ঝাঁপিয়ে পড়েছি। মৃণালদাকে প্রথমেই বলেছিলাম, আমি ছবিটা দেখেছি অনেক পরে জরুরি অবস্থার মধ্যে, যখন আমি দ্বিতীয়বার জেল থেকে জামিনে ছাড়া পাই।

যখন 'পদাতিক' ছবিটি মুক্তি পাবে তখন বিরাট লম্বা আকারের 'পদাতিক' লেখা পোস্টার দেখতে পেতাম প্রিজন ভ্যানের জাল দেওয়া ছোট্ট খুপরি জানালার মধ্যে দিয়ে ধর্মতলায় মেট্রো সিনেমা অথবা এলিট সিনেমার কাছে, আমাদের আলিপুর প্রেসিডেন্সি জেল থেকে শিয়ালদা অথবা অন্য কোর্টে কেসের হাজিরার দিনে যাওয়া আসার পথে। একদিন চিনুদার বাড়িতে অর্থাৎ চিন্মোহন-উমা সেহানবিশদের শরৎ ব্যানার্জি রোডের এক তলার আস্তানায় লম্বা আড্ডা, যেখানে অবশ্যই ছিলেন নিরঞ্জন সেন। আড্ডা শেষে মৃণালদা বললেন, চলো হাঁটি। এ রাস্তা ও রাস্তা দেশপ্রিয় পার্ক অঞ্চলের আশেপাশে প্রায় ঘণ্টা দেড়েক হাঁটাহাঁটি সেদিন। ওই লম্বা হাঁটাতে মৃণালদার সঙ্গে যা কথা হলো সবটাই প্রায় 'পদাতিক' নিয়ে। যদিও এরপরে বহুবার 'পদাতিক' নিয়ে অনেক আড্ডা, তর্ক-বিতর্ক হয়েছে, কিন্তু সেদিনের ওই পথ চলতে চলতে মৃণাল সেনের সঙ্গে আড্ডা আমার প্রায় হুবহু ছবির মতো এখনো মনে আছে। বেশিরভাগ কথা বোধ হয় আমিই সেদিন বলেছিলাম, মৃণালদা মাঝে মাঝেই প্রশ্ন করে যাচ্ছিলেন। সেদিনের আড্ডার মূল কথা আমার দিক থেকে সময়ের সবথেকে বিশ্বাসযোগ্য প্রামাণ্য দলিল।

ছবির শেষ দৃশ্যের বিজন ভট্টাচার্য আর ধৃতিমান চট্টোপাধ্যায়ের মাত্র কয়েক মিনিটের কালোত্তীর্ণ কথোপকথন, প্রায় প্রতিটি শব্দ এখনো আমার কানে বাজে। পাশের ঘরে মায়ের মৃতদেহ। রাজনৈতিক কারণে আত্মগোপনকারী কর্মী ধৃতিমান এসেছে বাবার সঙ্গে দেখা করতে, মা চলে যাওয়ার মুহূর্তে বাবার পাশে থাকতে। বাবা অনেক দিনের পুরনো বামপন্থী রাজনৈতিক কর্মী, শ্রমজীবী মানুষ। বাবার বয়ানে বিজন ভট্টাচার্যের সেই গায়ে কাঁটা দেওয়া বাক্য, "আমি কিন্তু ধর্মঘট না করার মুচলেকা দিইনি"। পিতা ও পুত্রের রাজনৈতিক মতপার্থক্য সত্ত্বেও ছেলের রাজনৈতিক অবস্থানকে অশ্রদ্ধা না করে, মাথা হেঁট না করার, মুচলেকা না দেওয়ার এই সংযত অথচ দৃঢ় উচ্চারণ সদ্য প্রয়াত স্ত্রীর মৃতদেহের পাশে দাঁড়িয়ে, নিশ্চিত মৃণাল সেনের রাজনৈতিক সাংস্কৃতিক শেকড় ঐতিহ্যের, ফরিদপুর থেকে স্কটিশ চার্চ কলেজ হয়ে হাজরা মোড়ের প্যারাডাইস কাফের আড্ডায় বেড়ে ওঠা মনের গড়নের কথা মনে করিয়ে দেয়।

হিন্দি 'এক আধুরি কাহানি'র পর 'কোরাস', 'মৃগয়া' (হিন্দি), 'ওকা উরি কথা', 'পরশুরাম' পার হয়ে 'একদিন প্রতিদিন', 'আকালের সন্ধানে', 'চালচিত্র', 'খারিজ', 'খণ্ডহর' (হিন্দি) – মৃণাল সেনের ছবিতে প্রায় সমস্ত নারী চরিত্রের বিশিষ্টতা সম্ভবত তাদের পরিমিতিবোধ। সাদামাটা দৃঢ় চরিত্রের নারীদের কখনোই মৃণাল সেন সহানুভূতির কাঙাল করে তোলেননি। প্রাচুর্যবর্জিত মিতব্যয়ী জীবনযাপন করলেও মৃণালদা, গীতাদি নিজেদের পারিবারিক জীবনে খুব সচেতনভাবেই 'দারিদ্রের প্রদর্শন' এড়িয়ে চলতেন।

কায়িক পরিশ্রম করা, অর্থনৈতিক-সামাজিক ভাবে নিপীড়িত নারীচরিত্রদের চলচ্চিত্রায়নেও

কখনো চিৎকার করে দারিদ্রের প্রদর্শন নেই। এই পরিমিতিবোধ এবং নারীচরিত্রের প্রতি সম্মান জানানোর শুরু 'বাইশে শ্রাবণ'-এর মাধবী মুখার্জির চরিত্র দিয়ে অথবা তার আগে 'নীল আকাশের নীচে'র মঞ্জু দে অভিনীত চরিত্র। 'একদিন প্রতিদিন'-এর মমতা শঙ্করের চরিত্রের উল্লেখ অবশ্যই জরুরি, ছবির পর্দায় ওই চরিত্রের উপস্থিতি খুব সামান্য সময়ের জন্য হলেও। 'একদিন প্রতিদিন' প্রসঙ্গে সত্যজিৎ রায় বলেছেন, ওই মেয়েটি অর্থাৎ মমতা শঙ্করের চরিত্রটি সারারাত কোথায় ছিল কী করছিল, সেটা জানার অধিকার দর্শকদের আছে। এই প্রসঙ্গে ইউরোপে কয়েকজন নারী সাংবাদিক-চলচ্চিত্র আলোচক মৃণাল সেনকে প্রশ্ন করায় তিনি বলেছিলেন, আমি নিজেই জানি না সে কোথায় ছিল। একই সঙ্গে অবশ্যই গীতা সেন এবং শ্রীলা মজুমদারের চরিত্র দুটিই পরিমিতি বোধ আর কঠিন কঠোর বাস্তব সমস্যার কাছে চলতি কান্নাকাটি না করেও মাথা না নোয়ানোর চূড়ান্ত উদাহরণ। একই কথা 'খণ্ডহর'-এর গীতা সেন আর শাবানা আজমির চরিত্র সম্পর্কে অথবা 'আকালের সন্ধানে'-র স্মিতা পাতিল এবং শ্রীলা মজুমদার-এর চরিত্র বিষয়েও প্রযোজ্য। 'একদিন অচানক'-এর তিনটি নারীচরিত্রই এ বিষয়ে আরো গভীর আলোচনা দাবি করে।

'মহাপৃথিবী' করার প্রস্তুতি পর্বে মৃণালদার সঙ্গে দীর্ঘ টেলিফোন আলোচনা হয়েছে বহুদিন। এছাড়াও দুটো পুরো দিন প্রায় সকাল থেকে সন্ধে পর্যন্ত আমার তখনকার বালিগঞ্জ স্টেশন রোডের এক ঘরের আস্তানায় মৃণালদার সঙ্গে দীর্ঘ কথাবার্তা। আমার রাজনৈতিক জীবন, আমার জেলের সময়, আমাদের পরিবারের বাবা মা-সহ মানসিকভাবে অসুস্থ তিন দাদা দিদি বোন— রাজনৈতিক কর্মীর বিষয়ে নানাভাবে প্রশ্ন করে জানতে চেয়েছেন। আমার কাছে থাকা বেশ কিছু রাজনৈতিক চিঠিপত্র, প্রচারপত্র, চটি বই, অন্যান্য কাগজপত্র খুঁটিয়ে খুঁটিয়ে পড়ে সঙ্গে করে নিয়ে যান মৃণালদা। অঞ্জন দত্তের কাহিনী অবলম্বনে তৈরি এই ছবি। দ্বিধাদ্বন্দ্ব দ্বৈরথ নিয়ে পরিচালক লেনিন মূর্তিকে ক্রেনে করে তুলে উপড়ে ফেলার টেলিভিশন দৃশ্য ছবিতে দেখালেন। গীতা সেনের চরিত্র আত্মহত্যার পরে তার ডায়েরী, আর আত্মকথার মধ্যে পরিচালক "Always question your own conclusions" বাক্যবন্ধেও স্থিত থেকেছেন সম্ভবত।

মৃণালদার সঙ্গে, মৃণালদাকে নিয়ে মিছিলে হাঁটার গল্প অনেক লম্বা। মনে পড়ে বহু মিছিলের কথা যেখানে মৃণালদার সঙ্গে হেঁটেছি। আশির দশকের প্রথম থেকে প্রতিবছর পয়লা সেপ্টেম্বর যুদ্ধবিরোধী শান্তি মিছিল কলকাতার সমস্ত অঞ্চলের মানুষকে নিয়ে দেশপ্রিয় পার্ক থেকে শুরু হতো সকালবেলায়। সেপ্টেম্বরের যুদ্ধবিরোধী মিছিলে কলকাতায় থাকলে নিশ্চয়ই আসতেন, যখন আসতে পারেননি তখন সংগঠকদের কাছে চিঠি পাঠিয়েছেন আসতে না পারার কারণ জানিয়ে। দেশপ্রিয় পার্ক থেকে দেশবন্ধু পার্ক পর্যন্ত হাঁটার শারীরিক ক্ষমতা হয়তো ছিল না কিন্তু যতক্ষণ হাঁটতে পারতেন আমাদের সঙ্গে হাঁটতেন। ১৯৮৪'র অক্টোবরে ইন্দিরা গান্ধী নিহত হওয়ার পরে সারা শহর জুড়ে চাপা উত্তেজনার মধ্যেই বামপন্থীদের ডাকে জ্যোতি বসুর নেতৃত্বে বিশাল মিছিলের সামনের সারিতে মৃণাল সেন।

বিশেষভাবে আলাদা করে মনে পড়ে পোখরানে পারমাণবিক বিস্ফোরণের পরে কলকাতার আকাশবাণী ভবন থেকে ৬ই আগস্ট কমিটির ডাকে বিরাট জনসমাবেশ এবং মিছিল। তখন মৃণাল সেন প্রায় আশি ছুঁই ছুঁই। হিরোশিমা দিবসের কথা নতুন করে মনে করিয়ে দেওয়ার জন্য মৃণাল সেন, শঙ্খ ঘোষ, বরুণ দে, অমিয় বাগচী, অমিতাভ ঘোষ-সহ আরো অনেক মানুষকে নিয়ে তৈরি হয়েছিল হিরোশিমা দিবসের 'ছয়ই আগস্ট কমিটি'। তারই ডাকে মিছিলে মৃণালদা, ওই বয়সেও হাঁটলেন আকাশবাণী থেকে ধর্মতলা মোড় পর্যন্ত।

১৯৭৭ সালে জরুরি অবস্থা প্রত্যাহারের ঠিক আগে যখন আমরা বন্দী মুক্তি আন্দোলনে কলকাতার এসপ্ল্যানেড ইস্ট-এ অবস্থান ধর্মঘট

করছি তখন মৃণালদা মাঝে মাঝে গিয়ে বেশি রাত্রে আমাদের সঙ্গে কিছুটা সময় কাটিয়ে আসতেন আমাদের সমর্থন জানিয়ে।

শুধু মিছিলে নয় মৃণালদার সঙ্গে রাস্তা হাঁটার অভিজ্ঞতা আরো অনেক কিছুকে কেন্দ্র করে। বটুকদা, জ্যোতিরিন্দ্র মৈত্র প্রয়াত হওয়ার পরেই রবীন্দ্র সদনে স্মরণসভা। পূর্বা দাম একটা গান গেয়ে অনুষ্ঠান শুরু করলেন— "কোন্ আলোতে প্রাণের প্রদীপ/ জ্বালিয়ে তুমি ধরায় আস"। স্মরণসভা শেষে যথারীতি মৃণালদা বললেন চলো হাঁটি। রবীন্দ্র সদন থেকে বেরিয়ে আমরা এ রাস্তা ও রাস্তা প্রায় ঘণ্টাখানেকের বেশি সময় হাঁটলাম। মৃণালদা প্রথমেই বললেন, "বটুকদার ভাগ্নির গানটা শুনে মনটা বড় খারাপ হয়ে গেল। এতো ভালোবেসে গানটা গেয়েছে। বটুকদাও এত ভালো মানুষ ছিলেন!" রাস্তায় হাঁটতে হাঁটতেই মৃণালদার চোখে জল। অনেক পুরনো গল্প হাঁটতে হাঁটতে বললেন মনটা হালকা করার জন্য। জর্জদা, সুভাষদা, গোপাল হালদার, সুচিত্রা মিত্র, সলিল চৌধুরী, ঋত্বিক ঘটক, তাপস সেন, আরো অনেকের কথা। বললেন, আসলে আমাদের সকলেরই তো বয়স হয়ে যাচ্ছে...।

জ্যোতি বসুর মৃত্যুর সময় মৃণালদা তখন মধ্য আশিতে। সকাল থেকে আমায় ফোন করে বলে যাচ্ছেন, "আমি যাব। তুমি কখন যাবে আমায় বলবে।" আমার বারণ শুনলেন না, গেলেন ভিড় ঠেলে, পুলিশের ব্যারিকেড পার হয়ে।

২০০৫ সালে ভেনেজুয়েলার রাষ্ট্রপ্রধান উগো শাভেজ এসেছেন। কলকাতায় সভা রবীন্দ্র সরোবর স্টেডিয়ামে। আশি উত্তীর্ণ মৃণালদাকে কিছুতেই আটকানো গেল না। মৃণালদাকে সঙ্গে নিয়ে অনেক ব্যারিকেড পেরিয়ে সভায় হাজির হলাম, মৃণালদা তখন রীতিমতো বিধ্বস্ত। উদ্যোক্তারা মৃণালদাকে নিয়ে গিয়ে পরিচয় করিয়ে দিলেন শাভেজের সঙ্গে। বাড়ি ফিরে এসেই আবার মৃণালদার গল্প, গ্যাব্রিয়েল মার্কেজ-এর সঙ্গে তাঁর বন্ধুত্ব আড্ডা কিউবাতে, কলকাতাতে অফুরন্ত গল্প। মার্কেজ চেয়েছিলেন মৃণালদা ওঁর একটা গল্প বা উপন্যাস নিয়ে ছবি করুন। অনেকেরই জানা নেই যে মৃণাল সেন হাভানায় কিউবা ফিল্ম একাডেমিতে দীর্ঘদিন সাম্মানিক প্রধান পদে ছিলেন।

মার্কেজের *Clandestine in Chile* উপন্যাসের জীবন্ত নায়ক মিগুয়েন লিটিন কলকাতা এসেছিলেন। তাঁর 'The Shipwrecked' ছবিটা আমরা নন্দনে দেখেছিলাম। পরে লিটিনকে নিয়ে মৃণালদার বাড়িতে আড্ডা। তারপরে আবার যথারীতি কলকাতার রাস্তায় দেশপ্রিয় পার্ক পাড়ায় হাঁটাহাঁটি করে মৃণালদা, আমি আর লিটিন গেলাম মৃণালদার প্রিয় সাদামাটা 'হাটারি রেস্টুরেন্ট'-এ। আমি অনেকবারই দেখেছি বিদেশি পরিচালক অথবা অভিনেতা-অভিনেত্রীরা মৃণালদাকে কলকাতার পাঁচতারা হোটেলে আড্ডা দেওয়ার জন্য আসতে বললেও মৃণালদা সবিনয়ে তাঁদের নিজের বাড়িতে ডেকে চা খাইয়ে তারপর সেই 'হাটারি রেস্টুরেন্ট'-এ মৃণালদার পুরনো পাড়ায়। মিগুয়েন লিটিন-এর মতই থিও এঞ্জেলোপলোস। তাঁর সঙ্গেও আড্ডা শেষে আমরা গেলাম হাটারিতে। মৃণালদার অনেকদিনের বন্ধু, মৃণালদাকে নিয়ে ছবি করেছিলেন '10 days in Calcutta', জার্মানির পরিচালক Reinhardt Hauff, তাঁকে সঙ্গে নিয়ে এস আর এফ টি আই-তে সিনেমা দেখে ওখানকার মাঠে বসেই অনেকক্ষণ আড্ডা হলো সকলে মিলে। মিছিলে হাঁটা বা সভায় যাওয়ার কথা বললাম। কিন্তু যেখানে যেতে পারেননি বয়সের এবং শরীরের কারণে, সেখানে তাঁর পাঠানো চিঠি আমার কাছে এখনো আছে।

বারাসাতের কাছে কামদুনি গ্রামে এক কলেজছাত্রীকে ধর্ষণ করে হত্যা করার প্রতিবাদে মূলত শঙ্খ ঘোষ এবং আরো অনেকের ডাকে কলেজ স্ট্রিট থেকে মিছিল, ২০১২। মৃণালদার তখন বয়স ৯০। মিছিলে হাঁটতে না পারার আক্ষেপ এবং দুঃখ জানিয়ে শঙ্খ ঘোষকে চিঠি লিখলেন। আমি শঙ্খদাকে গিয়ে সেই চিঠি দিলাম। মিছিল শুরুর আগে শঙ্খদা সমবেত মানুষকে পড়ে শোনালেন মৃণাল সেনের চিঠি।

আরেকটি ঘটনা— মিছিলের পরে পুলিশ

হেফাজতে ছাত্র সুদীপ্ত গুপ্তের মারা যাওয়ার প্রতিবাদে রবীন্দ্র সরোবর স্টেডিয়ামের সভা। মৃণালদা উদ্যোক্তাদের কাছে চিঠি লিখলেন। আমার শরীর নিয়ে আমি যেতে না পারলেও আমি ছাত্রদের আন্দোলন, প্রতিবাদ দমন করার এই নির্মম ঘটনায় দ্বিধাহীন ধিক্কার জানাচ্ছি।

সুনীলদা মারা যাওয়ার পরে ২০১২ সালে রবীন্দ্র সদনের সভায় মৃণালদা গিয়েছিলেন। নিয়ে গিয়েছিলাম অনেক ভিড়, পুলিশের ব্যারিকেড ঠেলে। মৃণালদা সেই সময় সুনীলদাকে নিয়ে অসাধারণ একটি স্মৃতিচারণ করেছিলেন। আমি এগুলি সবই যত্ন করে রেখে দিয়েছি।

মৃণাল সেন আন্তর্জাতিক ক্ষেত্রে সফল পরিচালক হিসেবে পরিচিত হওয়ার পরেও নানান শ্রমজীবী মানুষের সংগঠনের নানা পর্যায়ে যতটা সম্ভব অংশ নিয়েছেন। যুদ্ধ বিরোধী শান্তি আন্দোলন, পাঞ্জাবে গণহত্যা বিরোধী আন্দোলন, চাসনালায় খনিশ্রমিকদের মৃত্যুর পরে রাস্তার সভায় সমাবেশে, ২০০২ সালে গুজরাটে দীর্ঘস্থায়ী সাম্প্রদায়িক দাঙ্গায় পরিকল্পিত ভাবে সংখ্যালঘুদের নিধনের প্রতিবাদে সভায় এবং সমাবেশে মৃণালদা উপস্থিত ছিলেন একাধিকবার।

ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে যখনই গণতান্ত্রিক আন্দোলন অথবা শ্রমজীবী মানুষের আন্দোলনের ওপর রাষ্ট্রযন্ত্রের স্বৈরতান্ত্রিক আক্রমণ হয়েছে তখনই মৃণাল সেন তার প্রতিবাদে মুখর হয়েছেন।

সংগঠক হিসেবে মৃণালদা বন্দী মুক্তি গণদাবি কমিটি, এ পি ডি আর, পাঞ্জাব সংহতি সমিতি থেকে আরম্ভ করে পার্বতীপুরম ষড়যন্ত্র মামলা— গণতান্ত্রিক অধিকারের এইসব সংগঠনে থেকেছেন। শিল্পসংস্কৃতির নানান সংগঠনের সাংগঠনিক দায়িত্বের ক্ষেত্রেও কোনও দায়সারা ভাব দেখাননি। যখনই কোনও দায়িত্ব নিয়েছেন সে 'সিনে সেন্ট্রাল কলকাতা'রই হোক অথবা লন্ডন-স্থিত 'ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ ফিল্ম সোসাইটিজ'-এর প্রধান হিসেবেই হোক, সব সময় সংগঠনের খুঁটিনাটি বিষয় খোঁজ রাখতেন। সিনে সেন্ট্রাল কলকাতার অলক চন্দ যে কোনও সমস্যাতে পড়লেই মৃণালদার কাছে চলে আসতেন আর মৃণালদার দরজা তাঁর জন্য সব সময় খোলা। তাঁর নিজের কাজের সময় ছাড়া অন্য সময় এইসব সংগঠনের নানা রকমের কাজে বহুভাবে সাহায্য করেছেন। দেশ-বিদেশের সরকারি বেসরকারি নানান প্রতিষ্ঠানের কাছে এই সমস্ত সংগঠনের সাহায্যের জন্য তদ্বির করেছেন।

মৃণাল সেনের 'প্যারাডাইস কাফে'র বন্ধুদের সঙ্গে সম্পর্ক জীবনের শেষ দিন পর্যন্ত অটুট ছিল। সলিল চৌধুরী অসুস্থ হওয়ার পর থেকে হাসপাতালে ভর্তি হওয়া, তারপর মারা যাওয়া— পুরোটা সময় আমি মৃণালদার সঙ্গে সলিল চৌধুরীর কাছে যাতায়াত করে দেখেছি দুই বন্ধুর মধ্যে কতটা ভালোবাসার সম্পর্ক। একই কথা বলা যায় তাপস সেন সম্পর্কে। তাপস সেন প্রায় প্রতি সকালেই মৃণালদাকে ফোন করতেন। দুই বন্ধুতে অনন্ত সময় কথাবার্তা হতো। তাপস সেন কোনও সমস্যায় পড়লে মৃণালদা সঙ্গে সঙ্গে পাশে গিয়ে দাঁড়াতেন।

মৃণালদার সঙ্গে বহু নাটক দেখেছি। রবীন্দ্র সদন, একাডেমি, মধুসূদন মঞ্চ, শিশির মঞ্চ ছাড়াও আরো কয়েকটি জায়গায়। আমার স্মৃতিতে আছে দু-একটি ঘটনার কথা বলব। একাডেমিতে আমরা দেখতে গিয়েছি নান্দীকার-এর নাটক 'সোজন বাদিয়ার ঘাট'। নাটকের শেষে মৃণালদা পরিচালক, অভিনেতা, সমস্ত কুশীলবদের প্রশংসা করে জানালেন, শোনো, তোমাদের নাটক দেখতে দেখতে আমার খালি জসিমদার কথা মনে পড়ছিল। কবি জসীমউদ্দীন ছিলেন ফরিদপুরে সেনপরিবারেরই একজন। মৃণালদার দাদার বন্ধু।

ওই প্রায় কাছাকাছি সময়ই দুটি নাটক আমরা দেখতে গিয়েছিলাম সম্ভবত একাডেমিতে। একটি 'ফ্যাতাড়ু' অন্যটি 'উইঙ্কল টুইঙ্কল'। দুটি নাটক দেখার পরেই মৃণালদা যথারীতি নাট্যকার এবং অভিনেতা-অভিনেত্রীদের সঙ্গে দেখা করে প্রশংসা করলেন তাঁদের। তারপরে নাট্যকার পরিচালককে পেয়ে বললেন "তোমরা কি সব ইতিহাস ভুলিয়ে দিতে চাও? জসিমদার 'সোজন বাদিয়ার ঘাট'

দেখেছো? আমি আবার দেখলাম কয়েকদিন আগে।" আর কিছু বললেন না।

রাষ্ট্রপতি মনোনীত রাজ্যসভার সদস্য হয়ে নব্বইয়ের দশকে মৃণালদা 'সাংসদের এলাকা উন্নয়ন তহবিল' থেকে সর্বপ্রথম যে সংস্থাকে যে কাজের জন্য সবচেয়ে বেশি অর্থ বরাদ্দ করার সুপারিশ করেন তা হচ্ছে, হাওড়া জগৎবল্লভপুরের আল আমিন মিশনের ছাত্রীনিবাস তৈরির জন্য দেড় কোটি টাকা। এছাড়া আমার জানা পশ্চিমবাংলার প্রায় সব জেলায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা ১৫টি প্রাথমিক স্কুল এবং কয়েকটি মাধ্যমিক স্কুলের লাইব্রেরি, স্কুলের ঘর, বন্যার আশ্রয়স্থল— নানান প্রয়োজনে সাহায্য বরাদ্দ করার জন্য সুপারিশ করেছেন। বোলপুরের শান্তিনিকেতন সংলগ্ন গীতাঞ্জলি প্রেক্ষাগৃহ আর লাভপুরে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের স্মরণে পাঠাগার এবং প্রেক্ষাগৃহ। সেখানেও মৃণাল সেন সাংসদের এলাকা উন্নয়ন তহবিল থেকে অর্থ বরাদ্দের সুপারিশ করেছেন। ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের কাছে সায়েন্স সিটির বিপরীতে 'এনার্জি এডুকেশন পার্ক'-এ একদম শুরুর সময় থেকে মৃণালদা অনেকটাই অর্থ সাহায্যের সুপারিশ করেছেন। পিজি হাসপাতালে রিউমাটোলজি বিভাগে একটি খুব দামি যন্ত্র কেনার জন্য এই সাংসদ তহবিল থেকেই বরাদ্দ করেন প্রায় ২৫ লক্ষ টাকা।

বীরভূমের লাভপুর থানার লাঙ্গলহাটা বিল সংলগ্ন বহু বছর ধরে বন্যা বিধ্বস্ত প্রায় চল্লিশটি গ্রামে গ্রীষ্মকালীন সেচের জল পৌঁছনোর জন্য কোপাই নদীর ওপর একটি বাঁধ নির্মাণের প্রকল্পে বরাদ্দ করেন এক কোটি টাকার কিছু বেশি। ২০১১ সালের পরে অবশ্য শেষ পর্যন্ত নানান আমলাতান্ত্রিক জটিলতায় সেই কাজটি পুরোটা সম্পন্ন হয়নি। মৃণালদা প্রতিটি কাজের প্রস্তাব পুঙ্খানুপুঙ্খ খুঁটিয়ে দেখে তবেই সাহায্যের সুপারিশ করতেন। মনে হলে এই ব্যাপারে যাঁরা বিশেষজ্ঞ তাঁদের সঙ্গেও আলোচনা করতেন।

উত্তর ২৪ পরগনার বনগাঁ থেকে ১৫-২০ কিলোমিটার ভেতরে দুর্গম গ্রামে যাওয়ার রাস্তা তৈরির জন্য এবং একটি জনস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার জন্য মৃণালদা সাংসদ তহবিল থেকে সুনীলদা (গঙ্গোপাধ্যায়)-র অনুরোধে অনেকটা টাকা বরাদ্দের সুপারিশ করেন। দুটি রাস্তা তৈরি হলেও স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণ হয়ে যাওয়ার পরে সেটি আর কার্যকর ভাবে ব্যবহার করা হয়নি।

যে সমাজতন্ত্রের স্বপ্ন বুকে নিয়ে প্যারাডাইস কাফের যুবক মৃণাল সেন ছবি তৈরি শুরু করেন সেই স্বপ্ন প্রায় ভেঙে চুরমার হয়ে গেল নব্বই-এর দশকে সোভিয়েত ইউনিয়ন-সহ পূর্ব ইউরোপের সব কটা সমাজতান্ত্রিক দেশ কমিউনিস্ট পার্টি-সহ হুড়মুড়িয়ে ভেঙে পড়ার আকস্মিকতায়। নতুন সহস্রাব্দে গুজরাটের ঘটনার ভয়াবহতায় বিষণ্ণ মৃণাল সেন। ভারতবর্ষের গণতান্ত্রিক বহুত্ববাদ, ধর্মনিরপেক্ষতা, পরমতসহিষ্ণুতা, এই সবকিছুর নরকযাত্রার আয়োজন দেখে ব্যথিত দুঃখিত মৃণাল সেন, কিন্তু পরাজিত নয়। আশি ছুঁই ছুঁই বয়সে বানালেন 'আমার ভুবন'। আফসার আহমেদের কাহিনী নিয়ে এই ছবি গ্রাম বাংলার সাদামাটা মানুষের সহযোগিতা, সহমর্মিতা, ভালোবাসার গল্প। ছবির শুরুতেই বিনীত পরিমিত পর্দাজোড়া নিবেদন-

"পৃথিবী/ভাঙছে/পুড়ছে/ছিন্নভিন্ন হচ্ছে/
তবুও মানুষ/বেঁচেবর্তে থাকে/
মমত্বে/ভালোবাসায়/সহমর্মিতায়"

মৃণালদা চলে গেছেন পাঁচ বছর হতে চলল। শেষের দিকে প্রায়ই বলতেন, "বেশি দিন বেঁচে থাকা বড়ই বিড়ম্বনা"। ২০২৩'র ১৪ই মে শত বছর পূর্ণ করতে গিয়ে মৃণালদা নিশ্চয়ই নিজের অননুকরণীয় ভঙ্গিতে সেই বহুশ্রুত বাক্যটি বলতেন— "I am one year younger than what I shall be in next 14th May"।

মৃণাল সেন : দায়বদ্ধ চলচ্চিত্রকার

কুন্তল মুখোপাধ্যায়
নাট্যকার ও নাট্য পরিচালক

স্বাধীনতার অব্যবহিত পরে সমাজের সঙ্গে ব্যক্তির আর ব্যক্তির নিজের সঙ্গে নিজের সম্পর্কের টানাপোড়েনের মধ্যে থেকে নান্দনিক ভাবে সংযোগ রক্ষা ও প্রতিষ্ঠার সূত্রে চলচ্চিত্র মাধ্যমটি হয়ে উঠেছিল বিশিষ্ট এক হাতিয়ার। চলচ্চিত্র মাধ্যমটির বৈশিষ্ট্য, তার সামাজিক অবস্থান, ঐতিহাসিক-রাজনৈতিক ব্যঞ্জনা, সাহিত্য-ছবির রঙ – তার নাটকীয়তা বা নাটক শূন্যতা এসব নিয়ে আড্ডা, আলাপচারিতায় মেতে থাকবেন কলকাতার বেশ কিছু যুবক, ঋত্বিক, সলিল, তাপস, হৃষিকেশ এবং মৃণাল। ইতিমধ্যে হয়ে গেছে 'নাগরিক', 'পথের পাঁচালি'র মত চলচ্চিত্র, তৈরি হয়েছে সিনে ক্লাব, আড্ডায় উঠে আসছে পুদোভকিন, চ্যাপলিন, ভিসিকা, রোজেলিনি, সাইট এ্যাণ্ড সাউন্ড, ফেড ইন ফেড আউট, নিওরিয়ালিজম তবু ফিজিক্সের ছাত্র মৃণাল মনস্থির করতে পারছেন না অভিব্যক্তি প্রকাশে চলচ্চিত্র মাধ্যমটির সঙ্গে জড়িয়ে পড়বেন কিনা। এইসময়ে পড়লেন ভ্লাদিমির নীলসেন–এর *সিনেমা অ্যাজ আ গ্রাফিক আর্ট* গ্রন্থটি, আকৃষ্ট হলেন চলচ্চিত্র মাধ্যমটিতে, যুক্তিবাদী মন দিয়ে অনুসন্ধানে ব্রতী হলেন চলচ্চিত্রের ভাষা আবিষ্কারে। বুঝতে চাইলেন জীবন সম্পর্কে মানুষের দৃষ্টিভঙ্গী এবং সেই সূত্রেই চলচ্চিত্র বিষয়ে পরিবর্তিত অনুভব। ১৯৫৫ থেকে ১৯৬৬ এই পর্বে তৈরি করলেন, 'রাতভোর', 'নীল আকাশের নীচে', 'বাইশে শ্রাবণ', 'পুনশ্চ', 'অবশেষে', 'প্রতিনিধি', 'আকাশ কুসুম', 'মাটির মনিশ' (ওড়িয়া) ছবিগুলি। তারকা শিল্পীদের উপস্থিতি, কিছু প্রশংসা, বিপুল বিতর্ক হওয়া সত্ত্বেও মৃণাল তাঁর এই ছবিগুলি নির্মাণে নান্দনিক পরিতৃপ্তি পেলেন না। মৃণাল সেন বিশ্বাস করতেন শিল্পীর আদর্শ হল সত্যের অনুসন্ধান করা, কিন্তু অনুসন্ধানই শেষ কথা নয়, সত্যকে তাড়া করে এক নতুন অবতরণই হবে শিল্পীর মূল লক্ষ্য। এই অনুসন্ধানের পথেই এক বন্ধুর সৌজন্যে (অরুণ কউল) ফিলম্ ফাইনান্স কর্পোরেশনের আর্থিক সহায়তায় তৈরি করলেন 'ভুবন সোম' (১৯৬৯)। সেই সময়ের মানসিক জড়ত্বকে দূরে ঠেলে উৎপল দত্ত, সুহাসিনী মূলে, কেকে মহাজন, বিজয় রাঘব রাওদের সক্রিয় সহযোগিতায় তৈরি চলচ্চিত্রটি দর্শক-সমালোচকদের মধ্যে সাড়া ফেললো।

শুরু হল 'নিউ সিনেমা মুভমেন্ট', আদুর গোপালকৃষ্ণানের কথায় ১৯৬৯, মৃণালদা করলেন ভুবন সোম, নিউ সিনেমার শুরু। 'ভুবন সোম' ছিল স্বল্প বাজেটের ন্যূনতম দৈর্ঘ্যের ছবি। 'ভালো ছবি না দীর্ঘ ছবি?' এই বিতর্কে জিতল ভালো ছবি। 'ভুবন সোম' ছবিতে রেলওয়ে কর্মচারী নায়কের গম্ভীর এবং অদ্ভুত চরিত্রকে ফুটিয়ে তুলেছিলেন 'ফ্রিজ ফ্রেম' আর 'স্টপ মোশন অ্যানিমেশন' ব্যবহার করে। এক-একটি দৃশ্যতে ভুবন সোমকে না দেখিয়েও কলম-কাগজ-ফাইল-খাতা-বইয়ে অ্যানিমেশন সিকোয়েন্স দেখিয়ে তাঁর চরিত্রায়ণ করা হয়েছে। মৃণালের নিজের কথায়, ভুবন সোম মানুষটা পুরোদস্তুর আমলা, নিখাদ আমলা, এবং সে মানুষটা এক ধরনের ভিক্টোরিয়ান মরালিটিতে ভোগে, তাকে নিয়ে ঠাট্টা করতে চেয়েছিলাম। সাধারণ দর্শকদের এই ছবি ভালো লেগেছিল।

তার সহজ অথচ চিত্তাকর্ষক উপস্থাপনে, অবশ্য বিশেষজ্ঞরা এই ছবিকে "বিগ্ ব্যাড বুরোক্রাট, রিফর্মড বাই রাস্টিক বেলে" (সত্যজিৎ রায়) বলে মন্তব্য করলেন। ১৯৭০ সালে 'ইন্টারভিউ' ছবি থেকে, 'কলকাতা ৭১' (১৯৭২), 'পদাতিক' (১৯৭৩), 'কোরাস' (১৯৭৪), 'মৃগয়া' (১৯৭৬), 'পরশুরাম' (১৯৮০), অবধি মৃণাল রাজনৈতিক, ওভার্ট রাজনৈতিক ছবি করে আসছেন, স্বাধীনতা উত্তর বাংলায়, দেশভাগ-অর্থনৈতিক বিপর্যয় জনিত বাংলায় অসাম্যের শিকার যে মানুষেরা ভূমিহীন কৃষক, ছোট-কুটিরশিল্প থেকে উচ্ছেদ হওয়া মানুষেরা, শিল্পশ্রমিক, মধ্যবিত্তের উচ্চাশা দুরাশা, নিম্ন মধ্যবিত্তের হতাশা ও ব্যর্থতা এসবই উঠে এল মৃণাল সেনের ছবিতে। কিন্তু মৃণালের ছবির দর্শক শহুরে মধ্যবিত্ত, এদের এই শহুরে মধ্যবিত্তকে যতই রাজনীতি সচেতন মনে করা হোক না কেন, ঐতিহাসিক ও আর্থিক কারণেই এরাই ভারতীয় জনগণের সবচাইতে রাজনৈতিক-নিষ্ক্রিয় অংশ। মৃণাল সেন ভাবলেন, নাগরিক হিসাবে, রাজনৈতিক নাগরিক হিসাবে নৈতিক বুদ্ধি ও মেধা চর্চার একটা পরিসর তৈরি করা দরকার, যেখান থেকে রাষ্ট্র-সমাজ-নাগরিকত্ববোধ ও রাজনৈতিক সংস্কৃতি বিষয়ে প্রশ্ন উঠবে, তার ছবির বিষয়, আঙ্গিক, চলচ্চিত্রের ভাষাপ্রয়োগ নিয়ে প্রশ্ন উঠবে। তাই নিজের ছবিকে তিনি "প্রবন্ধ" বলেছেন, এই প্রবন্ধগুলি তিনি ক্যামেরা দিয়ে লিখেছেন, শহুরে মধ্যবিত্তদের জন্য। শহুরে মধ্যবিত্তের অন্তরে যে সংস্কার, অজ্ঞতা, নিষ্ক্রিয়তা তাকে ইতিবাচক রাজনৈতিক ভূমিকায় অংশগ্রহণ করতে বাধা দেয়, সেই লক্ষণগুলিকে তাঁর ছবি দিয়ে তিনি আক্রমণ করেছেন, ব্যঙ্গ বা সংশয়ে বিদ্ধ করেছেন। নিছক বিনোদনের জন্য ছবি, তিনি তৈরি করেননি। নকশাল আন্দোলন থেকে জরুরী অবস্থা অবধি বামপন্থী রাজনীতি ও আন্দোলনের বিতর্কিত চলচ্চিত্রায়ণ উপস্থাপিত করেছেন শহুরে শিক্ষিত মধ্যবিত্ত দর্শকের কাছে। অসম্ভব দারিদ্র্য আর ভয়ঙ্কর শোষণ, সরকার ও পুলিশের সশস্ত্র সন্ত্রাস, প্রশাসন ও আদালতের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া বিষয়ে প্রশ্ন তুলেছেন মৃণাল। নাগরিক মধ্যবিত্তের যাপিত জীবন প্রাধান্য পেয়েছে তাঁর চরিত্রে। আত্মবিস্মৃত মধ্যবিত্ত নিজের সামাজিক অবস্থানকে উত্তরিত করতে, নৈতিকতাকে বিসর্জন দিয়ে তঞ্চকতার আশ্রয় নেয় আকাশ কুসুমে সোনার হরিণ প্রাপ্তির আসায়, আর ঠিক তারপরেই কলকাতা নিয়ে ট্রিলজি শুরু করেন মৃণাল, 'ইন্টারভিউ', 'কলকাতা ৭১', 'পদাতিক'। ছবিতে হারিয়ে যাওয়া লনড্রির রসিদ খোঁজার নাটকীয়তা আর চাকরির সাক্ষাৎকারের জন্য প্রয়োজনীয় সাহেবী স্যুটের আপাত হাস্যকর বিরোধের পরিসমাপ্তি ঘটে দোকানের শো কেসের কাঁচ ভেঙে ম্যানিকিন নগ্ন করার হিংস্রতায়। ছবির মধ্যবিত্ত নায়ক, তার সময়ের কলকাতার মধ্যবিত্তের মতই বিশ্বজোড়া তৎকালীন ভায়োলেন্স-এ বিচলিত হয়, কিন্তু তার হতাশা-ক্রোধ মেটানোর জন্য জড় পুতুল ম্যানিকিনকে নগ্ন করেই মনের সাধ মেটায়। আসল শত্রু, মূল লক্ষ্য—এর বিরুদ্ধে প্রতিবাদ না করে প্রতীকী প্রতিপক্ষকে সহজলভ্য বিবেচনা করে ক্রোধ প্রশমিত করে। মধ্যবিত্ত মানসিকতার এই মিসডাইরেক্টেড্ অ্যাঙ্গার সেই সময়ের সাহিত্য-নাট্য-চিত্রকলায় যেমন পরিস্ফুট হয়েছে তেমনই চলচ্চিত্রে মৃণাল তাকে সঠিক ভাবে প্রকাশ করেছেন।

দ্বন্দ্বমূলক বস্তুবাদে বিশ্বাসী মৃণাল সেন 'কলকাতা ৭১' ছবিতে মানিক বন্দ্যোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র, সমরেশ বসুর কাহিনী নিয়ে প্রায় কম্যুনিস্ট ইস্তেহারের মত ঘোষণা করলেন, "আমাদের ইতিহাস দারিদ্র্যের ইতিহাস" মানবিক অভিজ্ঞতার তথ্যাত্মক আবহে মানুষের প্রাণধারণের গ্লানিকে চিহ্নিত করেই থেমে যান না মৃণাল, মধ্যবিত্তের হেরেও না হারতে চাওয়ার সংগ্রামকে সমাজ বিন্যাসের ভাঙনের সাথে মিশিয়ে দেন। অনেকের মতে, তিনটি গল্পের মধ্যে চল্লিশের দশকের গল্পটিই বেশি জোরালো যা আরও আকর্ষণীয় হয়ে ওঠে মাধবী মুখোপাধ্যায়ের শীতল রোষের অভিনয়ে। 'কলকাতা ৭১'-এর ক্লাইম্যাক্সে এক তরুণের মুখের তীব্র ক্লোজআপে তিনি যেন আমাদের সুকান্ত ভট্টাচার্যের লাইন স্মরণ করিয়ে দেন –

"আঠারো বছর বয়স কী দুঃসহ
স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি,
আঠারো বছর বয়সেই অহরহ
বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি।"

পরের ছবি 'পদাতিক'এ কেন্দ্রীয় চরিত্র (ধৃতিমান) এক ধনী মহিলার (সিমি) ফ্ল্যাটে আত্মগোপনকালে নিজেকে এবং তার সংস্পর্শে থাকা মানুষকে প্রশ্ন করে। এক অন্তরঙ্গ অস্বাভাবিক নিঃসঙ্গতা তার আত্মঅবলোকনের পরিসর তৈরি হয়। আপাত স্বাচ্ছন্দ্য সুখে স্বাধীন এক নারী যেখানে সামাজিক-পারিবারিক শাসনে নির্যাতিতা, তার অনুঘটক রূপেই দেখাতে চাইলেন, অতি বামপন্থী আন্দোলনের অন্তর্দ্বন্দ্ব।

'ইন্টারভিউ' আর 'পদাতিক'-এ যদি খুঁজে পাওয়া যায় গোদারের ছোঁয়া তবে 'কলকাতা ৭১' কেমন গোর্কির 'লোয়ার ডেপ্থ'-এর ছায়ায় আবৃত হয়। এই তিনটি ছবির অনুষঙ্গ হিসাবেই মৃণাল নির্মাণ করেন 'কোরাস', কল্পলোক আর বাস্তবতার মাঝেই প্রতিবাদী চেতনার সংঘাত এক সম্পূর্ণ প্রতীকী নাট্যবৃত্ত প্রস্তুত করে। উদ্ভট কল্পনা (ফ্যান্টাসী)য় সমাজ শরীরের ভাবনা বিদেশে সমাদৃত হলেও, স্বদেশের অনভ্যস্ত ভাবনায় তেমন গৃহীত হয়নি। মধ্যবিত্ত ও নাগরিক তার আপাত দ্বান্দ্বিকতাকে আশ্রয় করে চলচ্চিত্রের ভাষায় রাজনৈতিক ভাষ্য, যা অনেকটাই "ওভার্ট রাজনীতি"র লক্ষণ, তা অতিক্রম করে মৃণাল সেন খুঁজতে চাইলেন গ্রামীণ আদিবাসী কৃষক আন্দোলনের গভীর তাৎপর্য, নিম্নবর্গ প্রত্যন্ত মানুষের জীবনযাপন, এই খোঁজেরই প্রতিফলন 'মৃগয়া', 'ওকাউরি কথা', 'পরশুরাম'। শোষণের ও নিপীড়নের মুখোমুখি হয়েও জীবনধারণের জন্য যে নানাবিধ পন্থা বেছে নেয় আদিবাসী দলিত মানুষ, কখনও প্রতি আক্রমণে যায় বা কখনও সচেতনভাবে শোষণের ব্যবস্থা থেকে নিজেদের সরিয়ে নেয়, পরিভাষায় যাকে বলে 'আত্মবিযুক্তিকরণ'। এই ছবিটির কাহিনীর একটি বাংলা নাট্যায়ন ঘটেছিল, দেবাশিস মজুমদারের লেখনীতে 'দানসাগর' নাটকে। আর মৃণালের এর পরের ছবি 'পরশুরাম' একান্তই চেতনা প্রযোজনা ল্যু শুন অনুপ্রাণিত 'জগন্নাথ' নাট্যের মূল ভাবনার অপরূপ চরিত্রায়ন। 'পরশুরাম' নাগরিক মধ্যবিত্ত ও আদিবাসী গ্রামীণ দুইয়ের থেকেই বিচ্ছিন্ন, আবার দুয়েরই অন্তর্বর্তী, ফুটপাথবাসীদের দোষ গুণ, প্রেম-ঘৃণা, হতাশা-বিদ্বেষ প্রাধান্য পেয়েছে। পরশুরামের (অরুণ মুখোপাধ্যায়) স্বাভাবিক নাটুকেপনা তার ভঙ্গির অসারতা ক্রমশই তাকে বিপর্যস্ত করে তোলে। দক্ষ শল্যচিকিৎসকের মত সূক্ষ্ম বিভাজনে পরশুরামের অন্তর্জগৎ, কলকাতার মধ্যবিত্তের মনোজগতের ব্যবচ্ছেদ সম্পন্ন করেন, মৃণাল। এখানে একটা বিষয় উল্লেখ করা প্রয়োজন — চলচ্চিত্রকার মৃণাল সেনকে অনেক সময় নাটকের অন্তর্গত মানুষ বলেও মনে হয়। মোহিত চট্টোপাধ্যায়, মৃণালের অনেক ছবির চিত্রনাট্য রচয়িতা, বলেছিলেন — "মৃণালদার নাটক সম্পর্কে বোধ সাংঘাতিক, বহুবার তাঁর সঙ্গে আমার নাটক নিয়ে কথা হয়েছে... নাটক দেখা, পর্যালোচনা করা... শুধু তাই নয় আমাদের নাটকের যে কোনো আন্দোলনে মৃণালদা সঙ্গী হয়েছেন"। 'গণনাট্য'র সময় থেকে শুরু করে ৬০-৭০ দশকে তিনি প্রচুর নাটক দেখেছেন, তার চিন্তা ভাবনায় নাটক আত্মীয়ের মত সম্পৃক্ত ছিল। ফলে 'পরশুরাম', 'কোরাস', 'একদিন প্রতিদিন' এমনকী শেষের দিকের ছবি 'মহাপৃথিবী'তেও ছবি নির্মাণে নাটকীয়তার উপর তার পছন্দ পরিষ্কার হয়ে ওঠে। অভিনয় নয়, আচরণ— থিয়েটারের এই কথাটি মৃণাল সেনের অনেক ছবিতেই লক্ষ্য করা গেছে। মৃণাল সেন তাঁর চলচ্চিত্র নির্মাণে শুভ বোধ সম্পন্ন সাহিত্যের সহায়তা নিয়েছেন। অমলেন্দু চক্রবর্তীর গল্প থেকে করেছেন, 'একদিন প্রতিদিন', 'আকালের সন্ধানে', রমাপদ চৌধুরীর গল্প নিয়ে 'খারিজ', প্রেমেন্দ্র মিত্র'র গল্প অবলম্বনে 'খণ্ডহর', সমরেশ বসুর কাহিনী নির্ভর 'জেনেসিস', সাদাত হাসান মান্টোর গল্প অনুসরণে 'অন্তরীণ'। এই ছবিগুলির ভাষ্যে শহুরে মধ্যবিত্তের যাপিত জীবন ও তার অন্তর্দ্বন্দ্বকে ঘিরে এক ধরণের কোভার্ট রাজনৈতিক

ভাষ্য তৈরি করেছেন মৃণাল, এবং বাস্তববাদের ঐতিহাসিক মূল্যকে মান্যতা দিয়েই। তবে মৃণাল সেন নিজেই বলেছেন ব্যক্তিতে ব্যক্তিতে বাস্তবতার পার্থক্য থাকতে পারে। পৃথিবী সম্পর্কে একজন ব্যক্তির যে বোঝাপড়া তার উপরে নির্ভর করে তার বাস্তবতা; ফলে বিষয়টা খুবই সাবজেকটিভ। তবে বাঙালি মধ্যবিত্ত সবসময়ই বাস্তবকে এড়িয়ে চলতে চায়, তাদের এই এড়িয়ে চলা, নিজের কাছে নিজের লুকোচুরি খেলাকেই উন্মুক্ত করেছেন মৃণাল। 'একদিন প্রতিদিন'-এ ২৬ বছরের একমাত্র উপার্জনশীল মেয়েটি যখন বাড়ি ফিরতে দেরী করে, তখন সেই বিষয়টিকেই কেন্দ্র করে গোটা পরিবারের এবং সেই 'বারো ঘর এক উঠোন'-এর বাসিন্দাদের যে মানসিক চাঞ্চল্য, অবসাদ এবং বিকলন, তাতে মধ্যবিত্তের যে মূল্যবোধগুলো তাদের ভেতরে জগদ্দল পাথরের মত বসে আছে, সেগুলো ক্রমে ক্রমে উন্মোচিত হয়ে পড়ল। পরিবারের মানুষগুলো লোকলজ্জার ভয়ে ক্রমেই যেন ঘরের মধ্যে লুকিয়ে পড়ল, এমনকী মেজ মেয়ে আর মা'র মধ্যে কটূ বাক্যালাপের আদান-প্রদান, স্বামীর প্রতি ধিক্কার, নিম্ন মধ্যবিত্ত পরিবারের সমস্ত আবডাল-আড়ালকে উন্মুক্ত করে ফেলল। গৌতম ঘোষের সঙ্গে একটি সাক্ষাৎকারে মৃণাল সেন বলেন, "মানুষ যে মুহূর্তে রিয়েলিটির মুখোমুখি হয়, সেই মুহূর্তে রিয়েলিটি অত্যন্ত রুথলেস, তারপর মানুষ কিন্তু আস্তে আস্তে শক্ত হয়, 'একদিন প্রতিদিন' ছবিতে মা যা হতে পেরেছে" — এইখানেই উত্তরণ। আবার 'খণ্ডহর' ছবিতে কলকাতার ভদ্রলোকদের গ্রাম ছেড়ে চলে যাওয়ার পর মায়ের বুকে মেয়ের আছড়ে পড়ে কান্নার সাথে সাথে, "মাকে দীর্ঘদিন ধরে মিথ্যে আশ্বাস বা প্রবোধ দেওয়ার স্বীকারোক্তির মধ্যে বাস্তবতাকে মেনে নিয়েও মা-মেয়ের ভয়াবহ নিঃসঙ্গতার আড়ালে বেঁচে থাকা ইস্পাত কঠিন দৃঢ়তা ধরা পড়ে।" 'খারিজ' এ শহুরে মধ্যবিত্ত ভদ্রলোক জীবনের বিলাসিতার আড়ালে ভয়, ক্লীবতা ও আত্মরক্ষার সাধ এক আপাত নব বাস্তববাদী রাজনৈতিক দর্শনেরই আভাস দেয়। 'জেনেসিস' এক মহাকাব্যিক প্রাজ্ঞতার ছবি। মরুভূমির ধ্বংসস্তূপের অবাহুল্যে মানব-সম্পর্কের ইতিহাসকে তাঁতি-চাষী-নারী এই তিনজনকে এক বৃহত্তর ইতিহাসপটে স্থাপন করা এবং বাণিজ্যিক সম্পর্কের টানা-পোড়েনে ভেঙ্গে ফেলা হয় আদিমতম মানবিক সম্পর্কের বিশ্বাস। মৃণালের নিজের কথায় ছবিটি তৈরি হয়েছে স্পেস টাইমকে ভেঙে একটা প্যারাবল ফর্মে – মানব সভ্যতাকে একটা ক্যাপসুলে ভরে দেখতে চাওয়া হয়েছে। 'জেনেসিস'-এর পরবর্তী ছবি 'একদিন আচানক'-এ আবার কেমন 'একদিন প্রতিদিন'-এর অনুরণন ফুটে ওঠে। 'মহাপৃথিবী'তেও মধ্যবিত্তের সংকট, এক জেনারেশনের অন্য জেনারেশনকে না বোঝার কারণে অস্তিত্বের যে সংকট দেখা দেয়, সেই বিষয়কেই তুলে ধরা হয়েছে। সাদাত হোসেন মান্টোকে অনুসরণ করে 'অন্তরীণ'-এ মৃণাল কাহিনীর বিনির্মাণ ঘটিয়েছেন। কাহিনী নির্ভর হয়ে চলচ্চিত্রের ভাষার প্রয়োগে অনেক বেশি ইনফরমাল হয়েছেন মৃণাল। ২০০২ সালে সমসাময়িক ভারতবর্ষের রাজনৈতিক সামাজিক পরিবেশ পরিস্থিতির প্রেক্ষিতে আফসার আহমেদের গল্প নিয়ে মৃণাল তৈরি করলেন 'আমার ভুবন' ছবিটি। এই ছবিতে বিনির্মাণ নয়, আপাত দুর্বোধ্যতা নয়, খুবই সরল এক কাহিনী বর্ণিত হয়েছে। দুঃসময়ের ছবি নির্মাণে তিনি মেনেছেন, "এ বড়ো সুখের সময় নয়"-এর আপ্ত বাণী। হিংসা, ধর্মভিত্তিক হিংসাকে ছবিতে তুলে ধরার বাণিজ্যিক ঝোঁককে পরিহার করে এই ছবিতে বড় হয়ে উঠেছে, "মানবের একমাত্র পরিচয় তার মনুষ্যত্বে"র ধারণা। এই ছবি ধর্ম-বর্ণ-জাতির ঊর্ধ্বে মানবিক পৃথিবীর ছবি।

২০১২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় আয়োজিত একটি আলোচনাচক্রে মৃণাল সেন বলেছিলেন, চলচ্চিত্র হল দ্বান্দ্বিক বস্তুবাদের প্রকৃষ্ট উদাহরণ। তাঁর প্রত্যেকটা ছবিতেই তিনি প্রশ্ন তুলেছেন, প্রতিষ্ঠিত বিষয়-ভাবনাকে প্রশ্ন করেছেন এবং দেখতে চেয়েছেন তার প্রতিক্রিয়া। "ক্যামেরায় যা দেখা যায়, শব্দ যন্ত্রে যা শোনা যায় তারই

প্রয়োগ নৈপুণ্য দেখা-শোনা ধরা-ছোঁয়ার আড়ালে বঞ্চিত এক অনুভূতি সৃষ্টি-ভিস্যুয়ালের অরাল পারসেপশনের মধ্য দিয়ে একটি ইনটেলেকচুয়াল পারসেপশনে পৌঁছানো – যাঁর অস্তিত্ব শুধু মনের রাজ্যে," এই কথা বলে মৃণাল সেন তাঁর ছবির মূল দর্শনটা স্পষ্ট করেছেন। মৃণাল সেন ছবি করেছেন, মিডল-মিডল, লোয়ার-মিডল এবং আপার-লোয়ার-মিডল ক্লাসের জন্য। সিনেমা শিক্ষিত-অশিক্ষিত, আপার-আপার থেকে লোয়ার-লোয়ার প্রায় সবারই জন্য, ফলে শাসক শ্রেণি সততই নিজেদের লক্ষ্য পূরণে সিনেমাকেই প্রধান হাতিয়ারে পরিণত করে। এই চক্রজাল থেকে সিনেমাকে মুক্ত করার অভিপ্রায়েই ভারতে নিউ সিনেমা মুভমেন্টের সূচনা, মৃণাল সেন যার অন্যতম পথিকৃৎ। চ্যাপলিনের একনিষ্ঠ ভক্ত, ফ্রান্সের 'ন্যুভেল ভাগ' আন্দোলনের সমর্থক মৃণাল তাঁর ছবিতে সমমনস্ক মধ্যবিত্তের দিকে তাকিয়ে এক বৃহৎ ভেঙচি কেটেছেন। আয়নার সামনে নিয়ে এসে দাঁড় করাতে চেয়েছেন মধ্যবিত্ত বাঙালীকে। আত্মসমালোচনা, মধ্যবিত্তের নিজেকে প্রশ্ন করার উপর গুরুত্ব দিয়েছেন সবসময়ই। তাঁর ছবি কলকাতার মধ্যবিত্তের লোডশেডিং আর তারপরের বিদ্যুৎ আগমনের বিষয় নির্ভর, ছায়া-আলোয়, প্রতর্ক আর অন্তর্দর্শনের মানসিকতার প্রতিফলন। মৃণাল সেন মনে করেছেন, ছবিকরিয়ে হিসেবে তাঁর দায়িত্ব হচ্ছে সমসাময়িক বাস্তব অবস্থাকে বিশ্লেষণ করা। বিচ্ছিন্নতার বিরুদ্ধে সংগ্রামের প্রয়োজনীয়তা বোঝানো, শ্রদ্ধার সঙ্গে বোঝানো— এর বেশি কিছু নয়। কলকাতার রাস্তায় ট্রাম লাইনের উপরে অর্ধ-শোওয়া অবস্থায় মৃণাল সেনের যে ছবি দেখা যায়, তাতে বোঝা যায় মাটির মধ্যে থেকেই জীবনকে, মানুষের দ্বান্দ্বিক অবস্থানকে অত্যন্ত শ্রদ্ধা ও সম্মানের সঙ্গে তাঁর চলচ্চিত্রে উপস্থাপিত করেছেন মৃণাল সেন। শতবর্ষে এই মহান চলচ্চিত্রকারকে প্রণাম।



মৃণাল সেন : সময়ের করতল

সঞ্জয় মুখোপাধ্যায়
চলচ্চিত্র বিশেষজ্ঞ

আজ তিনি কোলাহল ও নীরবতার পরপারবর্তী। আজ তাঁর রবিবাসরীয় বৈঠকখানার ছাইদানিতে চাপা আগুন আর নেই। মতিলাল নেহেরু রোড, পদ্মপুকুর বা বেলতলার বাড়ি আর বেকার, ক্রুদ্ধ, অসংযমী ও আবেগ থরথর যুবকদের মিলন সমিতি নয়। শতবর্ষের মৃণাল সেনকে কীভাবে ফিরে পাব আমরা? মৃতের সঙ্গে জীবিতের কোন সংলাপ হওয়া 'অনৈতিক'। কে না জানে স্মৃতি যে কোন সময়েই বিনা বিজ্ঞপ্তিতে প্রতারক হয়ে ওঠে। সুতরাং মৃণাল সেনকে আমাদের ইতিহাসের মাত্রা ও সময়ের যতিচিহ্ন হিসেবে বিচার করাই শ্রেয়।

অনেক সময় ভাঙনটাই বড়ো হয়ে ওঠে। তার মধ্যে কিছু অমিতাচার, কিছু অসংগতি থাকে, তবুও। যেমন নজরুল ইসলাম। একদা নজরুলের অপরিকল্পিত বিদ্রোহ, শব্দ নিয়ে যথেচ্ছাচার যার শিকড় খুব গভীরে প্রসারিত নয়, আমাদের কাব্যে আড়ষ্টতার মায়াবী সম্মোহন ছিন্ন করেছিল। তিরিশের দশকের বাংলা কবিতার সুবর্ণযুগের পরিপ্রেক্ষিত হিসেবে নজরুলের এই ক্ষণস্থায়ী অভ্যুত্থান উপেক্ষণীয় নয়। এক ধরনের ছাঁচ বা স্টিরিওটাইপিং তো প্রতিস্থাপিত হতে পেরেছিল। এরকমই মনে হয়েছিল আমাদের সত্তর দশকের শুরুতে, অর্ধশতক আসে, মৃণাল সেন প্রসঙ্গে। মনে পড়ে 'ইন্টারভিউ' (১৯৭১) ছবিটির সেই বিবস্ত্র ম্যানিকিন। আমাদের মনে হয়েছিল যেন বাংলা ছায়াছবির আপাত-নির্দিষ্ট পরিকাঠামোয় প্রথম স্মরণীয় প্রতিকূলাচারে। তখন, সেই সত্তর দশকের শুরুতে। আমাদের মানচিত্রে আগুন আর রক্ত—আমাদের গীতবিতান তছনছ হয়ে যাচ্ছে—আমাদের ঘুম, আমাদের জাগরণ, আমাদের সমাধিফলক ঘিরে তৈরি হচ্ছে নতুন নতুন গেরিলা সমাবেশ। সেইরকম এক ঝড়ের রাতের অভিসারে আমরা দেখলাম মৃণাল সেনের কর্কশ তর্জনী; আমরা জানলাম ওই পুতুল ব্যর্থ, বন্ধ্যা, জননাঙ্গবিরহিত। রাজনীতি আমাদের বলে দিচ্ছিল সাম্রাজ্যবাদ কাগজের বাঘ, সিনেমা আমাদের জানাল নব্য-উপনিবেশবাদ আপাতসজ্জিত কিন্তু অন্তরে নপুংসক। সাগর যাহার বন্দনা রচে শততরঙ্গ ভঙ্গে বাঙালির সেই উদ্ধত যৌবন তাঁকে বরণ করেছিল। শয়ে শয়ে অসংগতি ও ছেলেমানুষী সত্ত্বেও আমাদের মুখর ক্যান্টিনে ছড়িয়ে পড়তে থাকল —'কলকাতা-৭১' (১৯৭২), 'পদাতিক' (১৯৭৩) ও 'কোরাস' (১৯৭৪)-এর দৃশ্যসমূহ।

আসলে মৃণাল সেনই আমাদের মান্য চলচ্চিত্র-কারদের মধ্যে প্রথম প্রকাশ্যে পথ বদলালেন। হলিউডের বাণিজ্য সিনেমার প্রতিপক্ষ হিসেবে আমরা যে ইউরোপীয় আর্ট সিনেমাকে সম্মুখবর্তী করতে চাইছিলাম, মৃণাল সেন হৃদয়ঙ্গম করলেন আমাদের তৃতীয়বিশ্বে হিচকক বা আন্তেনিওনির পরিধির বাইরে অন্য এক বাস্তবতা আছে যেখানে "সৌন্দর্য রাখিছে হাত অন্ধকার অন্ধকার ক্ষুধার বিবরে।" তিনি দেখছিলেন আফ্রিকায় বা লাতিন আমেরিকায় ধ্বংসস্তূপে চারাগাছের মধ্যে উঁকি মারছে ইতিহাসের পাতাবাহার। আড্ডায়, সাক্ষাৎকারে, তাঁর বাড়ির বৈঠকখানায় তাই চায়ের সঙ্গে ক্রমশ উপহার দিতে থাকলেন কিছু শাব্দিক ডিটোনেটর : যেমন গ্লবার রচার *ক্ষুধার নন্দনতত্ত্ব* (১৯৬৫)। যেমন

ফারনান্দো সোলানাস ও অক্টাভিও জেটিনোর *তৃতীয় চলচ্চিত্রের দিকে* (১৯৬৯)। যেমন দুলিও এসপিনোসার *ত্রুটিযুক্ত চলচ্চিত্রের স্বপক্ষে*(১৯৬১) মৃণাল সেন তখন আলেয়া সোলানাস পর্যন্ত যে সমস্ত অগ্নিচুল্লী আছে তার আভায় আলোকিত। দীর্ঘ স্বপ্নের মধ্যে স্বগতোক্তি যেন তিনি গ্লবার রচ্চর কথার প্রতিধ্বনি করতেন বারেবারে যে আমরা ক্ষুধার্ত, বিষণ্ণ ও কদর্য সিনেমার পক্ষপাতী কেননা নির্মাণের দারিদ্রই আমাদের সামাজিক দারিদ্রের আগ্নেয়লাভা উদ্গীরণ করে দেবে।

সুতরাং ষাটের দশকের শেষে মৃণাল সেন প্রায় একক পদাতিকের মতো সিদ্ধান্ত নিলেন যে চলচ্চিত্র হবে রাজনৈতিক সক্রিয়তার দৃষ্টান্ত। সুতরাং 'ইন্টারভিউ' হয়ে উঠল আমাদের প্রথম ইমপারফেক্ট সিনেমা। 'গ্লোব' ছায়াঘর থেকে বেরিয়ে আমরা যারা অনুত্তরবিংশতি তাদের মনে হল মহাকালের বদলে মৃণালের কাছে এই মুহূর্ত অনেক বড়ো হয়ে উঠেছে। তাঁর প্রাণপাত সাধনা এই 'অদ্য'কে নিম্নরেখ করার প্রয়াস। মৃণাল সেনের যৌবনের দ্রোণাচার্য ইতালীয় নববাস্তববাদের পুরোহিত সেজারে জাবাত্তিনি যেমন তার ইস্তাহারে বঙ্কিম হরফে তিনবার লেখেন 'টুডে, টুডে, টুডে'। মৃণাল কলকাতার ভাড়াটে বাড়ি থেকেই তেমন সাক্ষাৎকারে 'আজকের দিন' বিষয়ে প্রশ্ন তোলেন। মাসখানেক আগে মুক্তি পেয়েছিল সত্যজিৎ রায়ের 'প্রতিদ্বন্দ্বী'। সন্দেহ নেই সত্যজিৎ নিজেও সংশয়াকীর্ণ হয়েই দেখছিলেন আস্থা ও ঐতিহ্য কত ভঙ্গুর। তবু সিদ্ধার্থকে অন্তত ইন্টারভিউ বোর্ড জানতে চেয়েছিল গত দশকে 'হোয়াট ইজ দি মোস্ট সিগানিফিক্যান্ট ইভেন্ট'। 'ইন্টারভিউ'-তে প্রশ্নকর্তার অত ধৈর্য্য নেই। তিনি আজ কি ঘটল জানতে চান; সাহিত্য নিয়ে তাঁর এটুকুই কৌতূহল—"'বিবর' পড়েছেন—বা সমরেশ বো স?" যখন সারা দুনিয়া জুড়েই ঝুরঝুর করে ভেঙে পড়ছে সৌন্দর্যের পানপাত্র তখন মৃণাল সেন আর বানান ভুল বা কনটিনুইটি এরর নিয়ে মাথা ঘামাননি। এক দিক থেকে দেখলে কোন সুপরিকল্পিত সাংস্কৃতিক সন্দর্ভ নয়; একটা খসড়া—যা গল্প হলেও হতে পারে কোনও দিন। 'ইন্টারভিউ' ছবিটির গায়ে অনেক ব্যান্ডেজের দাগ। মৃণাল সে সব ঢাকার চেষ্টাও করেননি। এই অমিতাচারে আমাদের টেনেছিল যৌবনের দিনে। বড়শূল প্লেনামের সশস্ত্র মিছিল থেকে ভিয়েতনাম পর্যন্ত আগুনের কারুকাজ। যেমন সত্তর দশকের ক্রুফো, মৃণালও তেমন উত্তর পাওয়ার প্রত্যাশা না করেই প্রশ্ন ছুঁড়ে দেন—সিনেমা কি জীবনের থেকে বাস্তব? তিনি দর্শককে পরোক্ষ থেকে প্রত্যক্ষ অবস্থানে নিয়ে আসতে চান।

সিনেমা-স্মৃতির সমাধি-ফলকের আশপাশ দিয়ে মৃণাল সিনেমাকে দেখেন। ডিসিকার 'বাইসাইকেল চোর' ধরা না পড়লেও মৃণাল সেনের পকেটমার ধরা পড়ে। 'পথের পাঁচালী' থেকে শুধু উদ্ধৃতি দেন না, সর্বজয়ারূপিণী করুণা বন্দ্যোপাধ্যায়কে পুনঃসংস্থাপিত করেন মায়ের ভূমিকায়। শুধু সংসার পাল্টেছে আর সময় বদলেছে। সকালে উনুনের ধোঁয়া ছাদে উড়ে যায় 'অপুর সংসার'-এর ঘরানায়। সিনেমা-নগরীতে দিনের টুকরো খসে পড়তে থাকে। এই ছবিতে চলচ্চিত্র শুধু পোস্টারে নেই। সেই 'নীল আকাশের নীচে' থেকে মৃণাল বিজ্ঞাপনের ভাষা ব্যবহার করে এসেছেন। এখানে তো পোস্টারের মিছিল; তার মধ্য দিয়ে জীবন এগিয়ে গেছে, গলি থেকে উপগলিতে। 'সাগিনা মাহাতো', 'দক্ষযজ্ঞ' আর 'দুটি মন'। মৃণাল কি তবে জনপ্রিয়তার তাবু ছিঁড়ে ফেলে বিকল্প সৌন্দর্যের দিকে তর্জনী নির্দেশ করছেন? কিন্তু মৃণাল সেন, হয়তো ফরাসি নবতরঙ্গের প্রভাবেই, এই প্রথম ব্যবচ্ছেদ করেন চলমান চিত্রমালার পরিকাঠামো। তাঁর উপাদানের মধ্যে সংযুক্ত হয় সিনেমা হল কর্মীদের ধর্মঘট, *উল্টোরথ* নামের পত্রিকা, এমনকি নায়ক রঞ্জিত মল্লিক ও ক্যামেরা সঞ্চালক কে কে মহাজন। অর্থাৎ মৃণাল চলচ্চিত্রশাস্ত্র বিষয়ে একটি প্রতিপ্রস্তাব পেশ করতে সবিশেষ আগ্রহী। তাঁর চিত্রনাট্য সেই জীবনকে খেয়াল করে যে জীবন তুচ্ছ, যে জীবন একটি সামান্য কোট-প্যান্টের অভাবে উপহাসিত হয়। কিন্তু একই সঙ্গে তিনি আমাদের চলচ্চিত্রের ঐতিহ্য নিম্নরেখ করেন। একটি

ইংরেজি সাময়িকী প্রচ্ছদে ভেসে ওঠে—'ফালকে ঃ পাইয়োনিয়ার অফ ইন্ডিয়ান সিনেমা' শীর্ষক রচনা। এই যে *বাবুঘাটের কুমারী ইলিশ* নামের কাব্যগ্রন্থের চকিত স্মরণ, ট্রামলাইন, হরিণঘাটার সরকারি দুধের বোতল, মধ্যবিত্তের বাড়ি দিয়ে কলকাতা শহরের একটি ট্র্যাপেস্ট্রী গড়ে তোলেন তিনি, তাতে প্রমাণিত হয় সিনেমাকে তিনি প্রথার বাইরে কোথাও পুনরাবিষ্কার করতে চাইছেন। তার সূত্রপাত এই ছবির রাজনৈতিক সূত্র ও দ্যোতনায়। মৃণাল সেনের 'ইন্টারভিউ' আর ওসমান সেমবেনের 'ঘালা' (১৯৭৫) ছবি দুটির সূচনা একই পর্বে। সেনেগালে ফরাসি উপনিবেশের স্মারক যেভাবে সরে যায় মৃণাল তেমনভাবেই ঢের আগে নজরবন্দি করেছিলেন কলকাতা থেকে যুক্তফ্রন্ট আমলে শ্বেতাঙ্গ স্ট্যাচুর অপসারণ। আর দু'জন স্রষ্টাই, দুই মহাদেশ থেকে, চিহ্নিত করেন আপাত-স্বাধীন সংস্কৃতির গভীরে ঔপনিবেশিকতার দংশনক্ষত।

তবু আমাকে যদি মৃণাল সেনের শ্রেষ্ঠ ছবিটি বেছে নিতে বলা হয় তো আমাকে নিরুপায় শরণ নিতে হবে 'ভুবন সোম' (১৯৬৯) ছবিটির। সুন্দরের আশ্চর্য অভিযান বলে শুরু করা যেতেই পারে কিন্তু যা আরও গুরুত্বের তা হল এই ছবি থেকেই আমাদের চলচ্ছবির দ্বিতীয় তরঙ্গের সূচনা যাকে আজকাল পারিভাষিক অর্থে নবীন ভারতীয় ছায়াছবি বলা হয়ে থাকে। আমার মনে হয় এই ছবির পরতে পরতে যে পরিহাস মদিরতা ও স্থির দামিনী তা জঁ-লুক গোদারের সবচেয়ে অন্তর্যামী-শিষ্যের মতোই মৃণাল ব্যবহার করেছেন। 'আকাশ কুসুম'-এ নবতরঙ্গের ক্রুফোকে তিনি বাইরে থেকে জেনেছিলেন। ফ্রিজ শট তো আর কোন সাংস্কৃতিক দিগ্‌দর্শন নয়। এমনকি 'বাইশে শ্রাবণ' (১৯৬০) যেখানে রবীন্দ্রনাথের মৃত্যুতিথি মৃণাল একটি বৈপরীত্যে রেখেছেন আখ্যানটিকে একটি তুচ্ছ দম্পতির মিলনরজনীতে। 'বাইশে শ্রাবণ' হতে পারত ঐতিহাসিক শোকোচ্ছ্বাস। তার বদলে মৃণাল অবতারণা করলেন পারিবারিক বিপর্যয়ের। অতিকথার প্রান্তে রোজনামচাকে সম্মুখবর্তী করা কৃতিত্ব তবু যা অনাবশ্যক ও প্রান্তিক তাকে ইতিহাসের কেন্দ্রে আনায় নব-বাস্তবতার প্রত্যক্ষ হস্তক্ষেপ রয়েছে। কিন্তু 'ভুবন সোম' শাস্ত্রীয় উপচার ও অলঙ্কার বাহুল্যের হাত থেকে উদ্ধার পেয়ে হয়ে উঠল আধুনিক দৃষ্টিভঙ্গির আশ্চর্য উদ্ভাস।

আলবেয়ার কামু তাঁর 'সিসিফাসের কিম্বদন্তী' নামক রচনায় দাবি করেছিলেন যে প্রাচীনতা যেখানে মেটাফিজিক্যাল, সেখানে আধুনিকতার সমস্যাটাই নৈতিক। বস্তুত 'ভুবন সোম' এক পদস্থ নাগরিকের নৈতিক অবস্থান বিষয়ক প্রতিবেদন, এমন নয় যে হৃদয়ের সংস্কার প্রকল্প। বিশেষত মৃণাল সেনের ভাষায় এই লেগপুলিং, আমি যাকে অন্তর্তদন্ত বলতে চাই, কাউকেই বাদ দেয় না— না চরিত্রকে, না চরিত্রের স্রষ্টাকে। নিজেকে নিয়েও মশকরা করার এই বাঙালি অভ্যাস বনফুলের মাত্র কয়েক পাতার গল্পকে, ভুবন সোমের মত এক রাশভারি আমলার চিত্তচাঞ্চল্য ঘটানোর জন্য মৃণাল বেছে নিলেন গুজরাটের পবনসরের বালিয়াড়ি, সমুদ্রসারস আর তরুশাখাসমা তরুণী। গুজরাট, যেখানে বসে রবীন্দ্রনাথ একদা লিখেছিলেন তাঁর রহস্যময় গদ্যকাব্য 'ক্ষুধিত পাষাণ' মৃণাল তা মাথায় রেখেই নিজের সেলুলয়েড কাব্যের জন্য বেছে নিলেন সৌরাষ্ট্রের উপকূল।

শুক্লপক্ষের চাঁদ যেভাবে নিজেকে ক্রমশ উন্মোচন করে তিথিতে তিথিতে ষোলকলায়, এ ছবির দৃশ্যমাত্রা সেভাবে সমর্পিত চিত্রকরের মতো নিপুণ রেখায় সাজিয়েছেন পুনের সদ্যস্নাতক সিনেমাটোগ্রাফার কে কে মহাজন। একটু সাহস করে কি আমি বলব 'পথের পাঁচালী'র কাশবনে ও পল্লীচিত্রতে সুব্রত মিশ্র যে প্রতিভার ছাপ রেখেছিলেন, মহাজন প্রায় প্রতিস্পর্ধায় বালিয়াড়ি ও নিসর্গকে বর্ণনা করেছেন। রাউল কুতার যে প্রযত্নে গোদারের আদিযুগের ছবিতে আনা কারিনাকে নির্মাণ করতেন মহাজন প্রায় অনুরূপ প্রণয়ী সুলভ তাপ ও আলোয় গ্রাম্য যুবতী গৌরীকে রচনা করেছেন। আমরা দেখেছি আর নিজেদেরও গোপনে ঈর্ষা করেছি যে "একবার স্বপ্নে তারে দেখে ফেলে পৃথিবীর সব স্পষ্ট আলো"। একটি জীর্ণপ্রায় ভূত-বাংলোয় ভগ্নস্তূপে বসে এই গ্রাম্য মেয়েটি সোম সাহেবকে পুরনো

দিনের কাহিনী শোনায়। রাজারানীর গল্প। গ্রীষ্মের সন্ধ্যায় কেমন করে রাজার মুখ থেকে শিকারের গল্প শুনতেন রাণী-ঝুলায় চেপে, দুলতে দুলতে। হঠাৎ মেয়েটিকে ঝুলায় বসে থাকার ভঙ্গিতে ফ্রিজ করে দেওয়া হয়, তারপর জুম লেনসের কারসাজিতে মহাজন এমনভাবে তাকে ধরেন ক্যামেরায় যে এক লহমায় সে হয়ে ওঠে পুরাকালের রানী। কিংবা সোম সাহেবকে ফ্রিজ করে মাস্ক করে তার মুখটাকে ছোট করে দেন মহাজন যাতে অন্তর্কথন সম্ভব হয়। লিনিয়ার ফটোগ্রাফি ভেঙে ফেলার এসব দৃষ্টান্ত ষাট সত্তরের ভারতীয় ছবিতে কোথায় আর? আর ওয়াইড অ্যাঙ্গলে যে উড়ন্ত বলাকাকে তিনি ধরেন তারপর সুহাসিনীর ঘোরানো মুখ ছাড়িয়ে স্থির সিন্ধুসারসদের ওপর—এমন আলোকিত পয়ার ষাটের দশকে গোদার-ত্রুফোদের জন্য লিখতেন রাউল কুতার। গোদারের 'লিয়েরো ল্যো ফু' ছবিতে হে পাঠক! আনা কারিনার কম্পোজিশন মনে করুন, ঋত্বিক ঘটক ঠাট্টা করে অকারণে বলতেন না—"ভুবন সোম তো উতরে গেল আমার ছাত্র মহাজনের ক্যামেরায়!"

প্রকৃত প্রস্তাবে 'ভুবন সোম' মৃণাল সেনের জীবনে এমন অলৌকিক আরোহণ যে নিজেকে দেখার ফাঁকে ফাঁকে তিনি অবিরল দেখতে থাকেন সহযাত্রীদেরও। 'পথের পাঁচালী' নিসর্গ প্রতি প্রস্তাব ফিরিয়ে দেয় বালিয়াড়ি আর সমুদ্রতটে। 'মেঘে ঢাকা তারা'-র রাগ হংসধ্বনির মূর্চ্ছনা ভাবনগরের আকাশে প্রান্তরে বাজতে শুরু করলে সবিস্ময়ে দেখতে পাই ঋত্বিক ঘটকের সঙ্গেও তিনি অকথিত সংলাপ সেরে নিতে চাইছেন। আর উৎপল দত্ত বিষয়ে তো কিছু বলার নেই। 'ভুবন সোম' যে আদ্যন্ত রাজনৈতিক বিবৃতি তা উৎপলের অনুপম স্বাক্ষর ছাড়া বোঝা দুরূহ ছিল। সম্ভবত বলরাজ সাহনি ছাড়া হিন্দি ছবিতে আর কেউ এই উজবুক রেলকর্তাকে প্রতিস্থাপিত করতে পারতেন না। একইসঙ্গে হাবা ও স্বাধীনতা-উত্তর ভারতের মেট্রোপলিটন হুজুর যে সপ্তাহান্তে নিসর্গপ্রণয় সম্পন্ন করে দস্তাবেজের সুগন্ধে আবার এলিয়ে পড়ে—এমন নিষ্ঠুর ভাঁড় উৎপল দত্ত ছাড়া আর কে হবেন? যে ভাবে একটি পল্লীমহিষের সামনে তিনি পর্যুদস্ত হন, তাতেই বোঝা যায় ভারতীয় প্রজাতন্ত্রে গ্রামোন্নয়ন বিভাগের অবস্থান। বন্ধ্যা এই আমলাতন্ত্রকে ফালাফালা করে দেওয়ার সময় মৃণাল একটি কমিক রিলিফ ঠোঁটে ঝুলিয়ে রেখেছেন। মনে হয় মৃণাল সেনের ওপর যেন দেবতা ভর করেছিলেন।

আমরা তার সঙ্গে পথের মোড়ে, চায়ের আড্ডায়, মেট্রোর লবিতে খেয়াল করেছিলাম যে মৃণাল সেন হয়তো আন্তোনিওনির 'লা নত্তে'-র কথা ভাবেন, পোলানস্কির 'নাইফ ইন দি ওয়াটার' তাকে ভাবাতে পারে। কিন্তু হৃদয়ের অভ্যন্তরে তিনি একটি তীব্র পাটিগণিত খুঁজে নিয়েছেন ঃ 'হাতে ক্যামেরা ও মাথায় ভাবনা'। কিন্তু তিনি একই সঙ্গে ভাবেন নারী, বিপ্লবের সঙ্গি অথবা বিপ্লব নারীর আশ্রয়প্রার্থী। 'পদাতিক' (১৯৭৩) শুধু রাজনীতির চোরা স্থাপত্য নয়, একজন ভূতলবাসী যুবক ও চন্দ্রমল্লিকার মতো এক যুবতীর সংলাপে বাসনার কারুচিত্রের বদলে ঝরে পড়তে থাকে ইস্তেহারের কথা।

মধ্য সত্তর থেকেই মৃণাল সেন নিজের দিকে ফিরলেন যেখানে কোলাহল নেই। হয়তো পশ্চিমবাংলায় একটি বামপন্থী সরকার প্রতিষ্ঠা হওয়ায় মৃণাল সেন যে প্রতিদিনকে দেখেন তাতে ব্যক্তিগত মাত্রা যুক্ত হল। তিনি বিশ্বাস করে এসেছেন বাস্তবতা আসলে ক্যামেরার সামনে দৃশ্যের অধিবিদ্যাগত নগ্নতা। আমরা দেখলাম এক বিধুর পূরবী থমকে আছে 'আকালের সন্ধানে' (১৯৮০) ছবিতে। শিল্পকলা বড়ো না বিশ্বাস? যদি ভিয়েতনাম স্মৃতি হয়ে যায়, যদি একটি তরুণীর বাড়ি না ফেরার গুজব গ্রাস করে ফেলে মিছিল নগরীকে, যদি বার্লিন দেওয়াল ভেঙে পড়ে মশারীর ভেতরে, মৃণাল সেন ক্রমশই স্তব্ধবাক হয়ে যান মানুষের আগামীকাল ভেবে। কারণ তিনি জানতেন বিবরণ দেওয়া তো কাজ নয়। "It is not a question of painting life, but of painting live"। তিনি পয়গম্বর হওয়ার বদলে মৌনতাকে বেছে নিলেন। ইতিহাস এত অকৃতজ্ঞ নয় যে তাঁকে আশ্রয় দেবে না।

মৃণাল সেনের চলচ্চিত্রে নারী

অর্পিতা বল
অধ্যাপক, সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগ,
আচার্য প্রফুল্ল চন্দ্র কলেজ, নিউ ব্যারাকপুর

স্বল্প পরিসরে মৃণাল সেনের সব ছবির নারী চরিত্র নিয়ে আলোচনা কার্যত অসম্ভব। তবে মৃণাল সেনের সিনেমায় নারী চরিত্রদের নিয়ে ভাবতে গেলেই আমার প্রথমেই মনে পড়ে চিনুর কথা। চিনু মানে চিন্ময়ী সেনগুপ্ত - 'একদিন প্রতিদিন'-এর গল্প আবর্তিত হয়েছে যাকে ঘিরে- গোটা সিনেমা জুড়েই সে আছে, যদিও তার শারীরিক উপস্থিতি ৯৫ মিনিটের সিনেমায় খুবই কম। তবু নিম্ন মধ্যবিত্ত পরিবারের একমাত্র চাকুরিজীবী চিন্ময়ী সেনগুপ্তের এক সন্ধ্যায় হঠাৎ বাড়ি না ফেরাকে কেন্দ্র করে মৃণাল সেন ফুটিয়ে তুলেছেন এক সংকটাপন্ন অস্তিত্বকে। বারোঘর এক উঠোনের বাসিন্দা হিসাবে চিন্ময়ী ওরফে চিনুর পরিবারের আত্মবিশ্বাসের অভাব মূর্ত হয়ে উঠেছে সিনেমা জুড়ে।

নবীন মল্লিক লেনের তিনতলা ভাড়াবাড়িতে থাকেন হৃষিকেশ সেনগুপ্ত, তাঁর স্ত্রী, তিন মেয়ে চিন্ময়ী ওরফে চিনু, মিনু ও ঝুনু, দুই ছেলে তপু ও পল্টু। হৃষিকেশবাবু অবসরপ্রাপ্ত, পেনশনের টাকায় শুধু বাড়ি ভাড়া আর কিছু টুকিটাকি খরচ চলে। বড়মেয়ে চিনু ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্কে কাজ করে। গোটা পরিবার মূলত তার রোজগারেই চলে।

এই পরিস্থিতিতে এক সন্ধ্যায় চিনু অফিস থেকে বাড়ি ফেরে না। নির্ধারিত সময় পেরিয়ে যায়, সন্ধ্যা থেকে রাত ঘনায়, চিনুর অফিসে টেলিফোন করলে ফোন বেজে যায়...তবু চিনু ফেরে না।

তাহলে কী হল চিনুর? কী হতে পারে? এইসব প্রশ্নের উত্তর খোঁজার মধ্যে দিয়েই গল্প এগোয়। এরই প্রতিফলন আমরা দেখি 'একদিন প্রতিদিন'-এ যেখানে মেয়েদের চলা ফেরার ক্ষেত্রে পুরুষতন্ত্র নির্ধারিত সীমা পরিসীমা বারবার নগ্ন হয়ে পড়ে। আসলে আমাদের আধা সামন্ততান্ত্রিক সমাজে চাকুরিরতা নারীরাও যে কত অসহায় তার উদাহরণ 'একদিন প্রতিদিন'। এই প্রসঙ্গে দীপেন্দু চক্রবর্তী লিখছেন, "কর্মরতা নারীর ট্রাজেডি নিয়ে ঋত্বিক ঘটক ও সত্যজিৎ রায়

MONTHLY BULLETIN, JANUARY, 2023 | 35

উভয়েই দুটি ভিন্ন দৃষ্টিকোণ থেকে ছবি করেছেন। কিন্তু যেখানে 'মেঘে ঢাকা তারা' ও 'মহানগর' নায়িকার পরিবারেই দৃষ্টি নিবদ্ধ করে, 'একদিন প্রতিদিন' অনুপস্থিত নায়িকাকে উপলক্ষ করে মধ্যবিত্ত সমাজের বিভিন্ন রকম মানসিক প্রতিক্রিয়ার প্রতি নজর দেয়।"

তাই চিনুর বাড়ি না ফেরার খবর বাসা বাড়ির অন্য ভাড়াটেদের মধ্যে চাউর হয়ে গেলে আমরা দেখি বৃদ্ধ গিরীনবাবু পুরুষতন্ত্রের ধারক বাহক হিসাবে নিদান দিচ্ছেন, "মেয়েরা মেয়েদের মতো না চললে ওই রকমই হয়।" অর্থাৎ মেয়েদের চলা ফেরার অলিখিত নিয়ম পুরুষশাসিত সমাজ বানিয়ে দিয়েছে। তার বেচাল হলে সমাজই রে রে করে ওঠে।

যেমন, দাদুর কথা শুনে গিরীনবাবুর নাতনি লিলি জিজ্ঞেস করে, "আর মেয়েদের যখন ছেলেদের মতো কাজ করতে হয়?" এর উত্তর পুরুষশাসিত সমাজের কাছে নেই, তাই তার প্রতিভূ হিসাবে গিরীনবাবুর একটাই অস্ত্র। ধমক দিয়ে থামিয়ে দেওয়া—"চুপ !!!" আর বউ-এর কাছে নিদান হাঁকা, "এ মেয়ে তোমাকে ভোগাবে — এ আমি বলে রাখলাম।" গিরীনবাবুর স্ত্রী তো স্বামীর মতে মত দেবেনই। তিনিও আগেই চিনুর সম্পর্কে তাঁর স্বামীর কাছে বলেছেন, "জানো, আমারও কী রকম মনে হচ্ছে গো। অফিস-কাছারি করা মেয়ে, ওদের কোনো বিশ্বাস নেই।"

এই ভাবেই এই ছবিতে মৃণাল সমাজে নারীর অবস্থান তুলে ধরেছেন। আবার চিনুর মা আর তার বোন মিনুর সঙ্গে কথোপকথনের মধ্যে দিয়ে বেরিয়ে আসে কর্মরতা নারীর ট্র্যাজেডি যে তার জীবন সংসারের জন্য উৎসর্গ করেছে।

"মিনু।। মা তুমি সত্যি করে বলতো দিদির কথা তুমি এতদিন ভেবেছ? এতটুকু?

মা।। না! যত ভাবনা তুই ভেবেছিস।

মিনু।। না। আমরা কেউ ভাবি নি! তুমি, আমি, বাবা, দাদা—কেউ না। আমরা সবাই নিজেদের কথা ভেবেছি। আর তুমি ভেবেছ মেয়ে তোমাদের কাছেই থাকুক।

মা।। কখখনো না!

মিনু।। দিদির বিয়ের কথা ভেবেছ?

মা।। কেন ভাবব না! ভেবেছি, তপুর একটা কিছু হলেই চিনুর বিয়ে দিয়ে দেব।

মিনু।। তখন তোমরা দাদার বিয়ের কথা ভাববে। দিদির নয়।

মা।। আচ্ছা, আজ তোর কী হয়েছে বলতো? কেন, তুই জানিস না—এর ভেতরে থেকে আমি একটু একটু করে চিনুর জন্য গয়না গড়িয়ে রেখেছি।

মিনু।। দিদির ওসবের দরকার ছিল না। দিদি চেয়েছিল সোমনাথদাকে বিয়ে করতে।

মা।। ও বিয়ে হলে চিনুর আজ কী অবস্থা হত?

মিনু।। তবু দিদির সান্ত্বনা থাকত।

মা।। সান্ত্বনা থাকত! সারাটা জীবন ওইভাবে আমার সামনে ঘুরে বেড়াত।

মিনু।। যদি সোমনাথদার ওই অবস্থা না হত? বিয়ে দিতে?

মা।। ওর কোনো চালচুলো ছিল না। ও পার্টি করে বেড়াত। ও চেয়েছিল চিনু রোজগার করুক।

মিনু।। দিদি কিন্তু এখনো তাই করছে মা।

মা।। না করলে কোথায় থাকতিস তোরা?

মিনু।। হ্যাঁ। সেই কথা বল, সত্যি কথা বল। আসলে দিদিকে আমাদের দরকার ছিল।

মা।। এসব কথা আমাকে বলছিস কেন? ওই লোকটাকে বল, চুপ করে বসে আছে।"

চেনা বাস্তব অনেকগুলো প্রশ্ন নিয়ে আমাদের সামনে দাঁড়ায়। সেই প্রশ্নগুলো আমাদের হয়ে করে মিনু। সে তার পরিবারকে কাটে, ছেঁড়ে, বিশ্লেষণ করে। চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয় স্বনির্ভর চিন্ময়ী সেনগুপ্ত কেন তার নিজের সংসার পেল না! চিনুর মা যেমন সোমনাথের সঙ্গে তার বিয়ে দিতে চাননি, আবার সোমনাথও বেঁচে নেই, ১৯৭৬-এর মার্চ মাসে কলেজ স্ট্রিটে ছাত্রদের সঙ্গে পুলিশের

ঝামেলার সময় পার্টির তরফে সোমনাথ ব্যানার্জীকে থাকতে হয়েছিল। সেখানে পুলিশের গুলিতে সে মারা যায়। তারপর? তারপরও চিন্ময়ী সেনগুপ্ত চাকরী করে। তার টাকায় সংসার চলে। সে এখন কী চায় তার খবর হয়ত মিনু ছাড়া পরিবারের আর কেউ রাখে না। তাই পরিবারের অভাব অনটনের প্রস্থচ্ছেদ করতে করতে মিনু নিজেই এই সমাজে কর্মরতা মেয়েদের জীবনযাত্রার একটা ফর্মুলা তৈরি করে, বা তার চেপে রাখা অসহায়তা, নিরাপত্তার অভাব বোধ তাকে এইভাবে ভাবায় — "দিদিকে আমরা ভুলে যাব।...আমি পড়াশুনো ছেড়ে দেব। চাকরি করব। তারপর একদিন রাত্তিরে তোরা আমার জন্য এমনি করে বসে থাকবি। রাত জাগবি, থানা পুলিশ হাসপাতাল সব করবি। আমি আর ফিরব না। আমিও দিদির মতো—" আর তার এই হতাশা, ক্ষোভ, দিদির প্রতি বঞ্চনার দুঃখ না ফেরা দিদির ওপর অভিমান হয়ে আছড়ে পড়ে— "দিদি। তুইও তোর নিজের কথাই ভাবলি। আমাদের কথা একবারও ভাবলি না। আমি তোকে কত বড়ো ভেবেছিলাম। তুইও আমাদের মতো স্বার্থপর হয়ে গেলি।" এই সংলাপ একটা নতুন প্রশ্নের জন্ম দেয়— কোনও মেয়েকে 'তুমি স্বার্থপর নও', 'তুমি মানুষ হিসাবে অনেক বড়ো' ইত্যাদি বিশেষণে ভূষিত করলে শুনতে বেশ লাগে। কিন্তু এই 'অলংকার'গুলো আসলে তো সেই মেয়েটিকে বাধ্য করে তার ইচ্ছে, স্বপ্ন, চাহিদায় লাগাম পরাতে। তাহলে অন্যায়ের সঙ্গে আপোস না করা মিনুও কি সংসারের ঘাত প্রতিঘাতে নিজের অজান্তেই দিদিকে 'লার্জার দ্যান লাইফ' ভাবতে শুরু করেছিল যে শুধু দিয়েই যাবে আর দিয়েই যাবে...!

কিন্তু চিনু ওরফে চিন্ময়ী সেনগুপ্ত তো 'লার্জার দ্যান লাইফ' নয়। সে একজন স্বাভাবিক মহিলা যে বাড়ি ফিরেই অত্যন্ত কুণ্ঠা নিয়ে তার দেরি হওয়ার কৈফিয়ৎ দিতে শুরু করে। যেমন এখনো আমরা করে থাকি। যখন সে আবিষ্কার করে যে এই কয়েক ঘন্টার মধ্যে সবাই যেন দূরের মানুষ হয়ে গেছে তার কেমন যেন লাগে।। মা বলেন, "বাইরে দাঁড়িয়ে আর লোক হাসাতে হবে না।" তখন কেমন লাগে চিনুর? নিশ্চয়ই খুব খারাপ লাগে। সে যেন মহা অপরাধ করে ফেলেছে। তাকে কেউ জিজ্ঞাসা করছে না তার কী হয়েছিল? মিনুকে তাই সে বলে, "মিনু, তোরা কি চাসনি আমি বাড়ি ফিরে আসি? একবারও তোরা ভাবলি না, আমার কত কী হতে পারত? আমারও তো কিছু বলার থাকতে পারে। তোরা আমাকে কিছু জিজ্ঞেস করলি না। একটা কথাও বললি না। এমনকি, আমাকে কিছু বলার সুযোগও দিলি না। মা তো আমাকে বকতে পারত! তুই আমাকে ...। ঝুনুটাও আমাকে দেখে পালিয়ে গেল। বাবাও কেমন তাকিয়ে রইলেন শুধু। তোরা আমাকে এতটা অবিশ্বাস করিস? আমার যদি আজ কোনো অ্যাকসিডেন্ট হত। তাহলে তোদের কিছু বলার থাকত না। মাত্র এই কটা ঘন্টার মধ্যে আমি তোদের কাছে এতটা পর হয়ে গেলাম!"

চিনুর অভিমানের মধ্যে দিয়ে একটা সাংঘাতিক সত্য বেরিয়ে আসে — তার অ্যাকসিডেন্ট হলে সেটা হয়ত পরিবারের পক্ষে সম্মানজনক হত। পাড়া-প্রতিবেশীদের কাছে তার না ফেরার কারণ সহজেই বলা যেত। মধ্য রাতে বাড়ি ফেরা মেয়েকে নিয়ে বিব্রত হতে হত না। কেউ তাদের পরিবারের দিকে আঙুল তুলতে পারত না।

কিন্তু সেইরকম ঘটনা ঘটেনি। তাই বাড়িওয়ালা দ্বারিকবাবু সেই রাতেই হৃষিকেশবাবুকে ডেকে বলে দেন, "সময় সুযোগ বুঝে যত তাড়াতাড়ি পারেন আপনার বাড়িটা ছেড়ে দিন। এটা ভদ্রলোকের বাড়ি। ভদ্রলোকের পাড়া এটা।" অর্থাৎ 'ভদ্রলোকের বাড়ি', 'ভদ্রলোকের পাড়া'য় অনেক রাত করে বাড়ির মেয়ে, হোক সে কর্মরতা, ফিরতে পারবে না। এই নিয়ম কে ঠিক করেছে? পুরুষশাসিত সমাজ। এই ছবিতে গল্প বলার ফাঁকে ফাঁকে মৃণাল সেন বার বার সমাজ সৃষ্ট জেন্ডার ভাবনায় চাবুক কষিয়েছেন, কিন্তু সোচ্চারে নয়—খুব সূক্ষ্ম ভাবে। বক্তৃতা দিয়ে নয় — আমাদের চেনা জানা ঘটনার উপস্থাপনার মধ্যে দিয়ে। তাঁর কথায়, "এ ছবিটি আমাকে সুযোগ করে দেয় যে কীভাবে ধীরে

ধীরে একটি রক্ত-মাংসের মানুষের শরীরে কাঁটা বিঁধিয়ে দেওয়া যায়। পুরুষশাসিত সমাজ ব্যবস্থার মুখোশ খুলে দেওয়া যায়। আমি আঙুল তুলেছিলাম আমার নিজের ভিতরের শত্রুর দিকে, মধ্যবিত্তের দিকে। যেসব চরিত্রগুলো, বিভিন্ন মানুষগুলো যারা ছবির পর্দায় এসেছে তাঁরা সবাই যেন জ্ঞাতসারে, অজ্ঞাতসারে ভুল করে যাচ্ছে।"

চিনুর ভাই তপু দ্বারিকবাবুর কথার প্রতিবাদ করে।

"তপু।। শুনুন। কী বললেন?

দ্বারিক।। বললাম, এখানে ভদ্রলোকের বাস। এসব বেচাল এখানে চলবে না।

তপু।। বেচাল মানে?

দ্বারিক।। বেচাল মানে বোঝনা ছোকরা?

চিনু প্রায় ছুটে আসে ঘর থেকে। বারান্দায় দাঁড়ায়।

চিনু।। আপনারা বিশ্বাস করুন, আমি—

তপু ঘুরে তাকায়।

তপু।। দিদি, তুই ভিতরে যা।

মিনু।। ঘরে আয় দিদি।"

একরকম জোর করেই মিনু চিনুকে ঘরের ভেতর টেনে নিয়ে যায়।

অর্থাৎ, এখানেও আমরা চিনুর দেরি হওয়ার কারণ জানতে পারলাম না। কী কারণে চিনুর দেরি হল তার কোনও উত্তর এই ছবিতে নেই। কিন্তু এটা তো খুব স্বাভাবিক নয়। দীপেন্দু চক্রবর্তী লিখছেন, "সাধারণত একটা মেয়ে কেন, আমরা পুরুষেরাও রাত করে বাড়ি ফিরলে নিজে থেকেই বলে ফেলি কারণটা, যেহেতু এর পেছনে আপনজনদের অযথা ভাবিয়ে তোলার জন্য একটা অপরাধবোধ কাজ করে। মৃণাল সেন বলতে পারেন, একটা মেয়ে এত রাত পর্যন্ত কী করছিল সেটা বড় কথা নয়, বড় কথা হল তাঁর না-ফেরা নিয়ে অন্যেরা কে কী করছে।" তবে দীপেন্দুবাবুর মতে, "চিনুর অসহায় অবস্থা ফুটিয়ে তোলার জন্য গোটা পরিবারের হঠাৎ চুপ হয়ে যাওয়াটাই পরিচালকের কাছে সবচেয়ে কার্যকর মনে হয়েছে, কিন্তু ঠিক যে-কারণে এই যৌথ নীরবতা অবশ্যম্ভাবী হতে পারতো তিনি সেগুলোকে টপকে গেছেন।" এ নিয়ে বিতর্ক আলাপ আলোচনা হতেই পারে। তবে এই লেখায় তার অবকাশ ও পরিসর নেই। যদিও চিনুর বাড়ি ফিরতে দেরি হওয়ার কারণ নিয়ে দর্শকদের মধ্যেও কৌতূহল ছিল এবং আছে। মৃণাল সেন লিখছেন, "বহু দর্শকের নানাবিধ প্রশ্ন ছিল। সেই এক প্রশ্ন। মেয়েটির কী হল। কেন সে মেয়েটি বাড়ি আসেনি সেই রাত্রে। কোথায় সে রাত কাটিয়েছে। মজার ব্যাপার হল, যাঁরা এসব প্রশ্ন করছিলেন তাঁরা বেশিরভাগই চাকুরিজীবী মহিলা। এঁদের ছবিটি ভাল লেগেছিল। কিন্তু তাঁদের প্রশ্ন ছিল।" একদিন এক ভদ্রলোক তাঁকে এই একই প্রশ্ন করায় তিনি বলেছিলেন, "দেখুন মশাই, আমার তো মনে হচ্ছে যে ছবি আমি আপনার মতো দর্শকের জন্য বানিয়েছি। আপনারা দেখবেন আর যন্ত্রণা পাবেন। কারণ আমার জবাব পাবেন না। এ জন্যই যন্ত্রণা পাবেন। আবার যদি জিজ্ঞেস করেন আমার উত্তর হবে আমি নিজেই জানি না। আমি জানতে চাই না।" অবশ্য গীতা সেনের (এই ছবিতে মায়ের ভূমিকায় অভিনয় করেন) মতে, "এই যে কিছু জিজ্ঞাসা না করা, এর পেছনে যে বোধ বা বিশ্বাস থাকে তা হল : তাঁর মেয়ে এমন কিছু করতে পারে না যা খারাপ।"

তবে মানতেই হবে এই প্রশ্ন থাকা সত্ত্বেও আমরা ফিরে না আসা মেয়েটিকে নিয়ে উদ্বিগ্ন থাকি। তাই সে কোথায় ছিল সেটা আপাতভাবে চাপা পড়ে যায় যখন আমরা দেখি বাড়িওয়ালার সঙ্গে তপুর ঝগড়ার পর মা মিনুকে ডেকে বলেন, "চিনুকে শুতে দে।"

বাবা বলেন, "চিনু। যা শুতে যা।" চিনুর মাথায় হাত রাখে বাবা। চিনু ডুকরে কেঁদে ওঠে। আমাদের মনে হয় চিনু তার প্রতি পরিবারের বিশ্বাস ফিরে পেল। এত টানাপোড়েনের মধ্যে একটু হলেও আশ্বস্ত হই আমরা। আর চিনুর মা পরদিন সকালে আবার উনুন ধরায়। চোখে মুখে সারা রাতের

অভিজ্ঞতা, তাঁর সত্তায় এক ধরনের ঋজুতা— যেন কোনো ভয় মা-র আজ আর নেই—উনুনের ধোঁয়ার পিছনে সর্বংসহা মা যিনি পরিস্থিতির শিকার।

আসলে এই সিনেমার চরিত্রগুলির মধ্যে আমরা নিজেদের খুঁজে পাই। আমাদের মতো মেয়েরাই কেউ চিনু বা মিনু বা ওদের মা। মিনুর ভূমিকায় যিনি অভিনয় করেছিলেন সেই শ্রীলা মজুমদার যথার্থ বলেছেন যে একদিন প্রতিদিন, "সেই মেয়েদের লড়াইয়ের গল্প। আজকের দিনেও যে ছবিটা ভীষণ প্রাসঙ্গিক।"

তাই মৃণাল সেনের ছবির মহিলা চরিত্ররা কেউই 'লার্জার দ্যান লাইফ' নয়। ফলে স্থান, কাল আলাদা হলেও তাঁদের সঙ্গে আমরা নিজেদের মেলাতে পারি। সে 'বাইশে শ্রাবণ'-এর মালতীই হোক বা 'আকালের সন্ধান'-এর দুর্গা, 'খন্ডহর'-এর যামিনী বা 'আমার ভুবন'-এর সখিনা—এরা প্রত্যেকেই লড়াই করে চলেছে নিজের সংসারের জন্য। মৃণাল তাঁদের সামাজিক অবস্থান, তাঁদের উপর সমাজ নির্ধারিত বিধি-নিষেধ সুচারুভাবে তুলে ধরেছেন। যেমন 'আকালের সন্ধানে'-র দুর্গা বাড়ি বাড়ি কাজ করে সংসার চালায়। সংসারে নিত্য অভাব। সিনেমা কোম্পানির প্রস্তাবে রাজি হয়ে সাবিত্রীর ভূমিকায় দুর্গা যদি অভিনয় করে তাহলে সংসারে কিছুটা সাশ্রয় হত — সে রোজ সাত টাকা মজুরী আর একবেলার ডাল ভাত পেত। কিন্তু দুর্গার স্বামী বউকে অভিনয় করতে দেবে না। তার মজ্জাগত পুরুষতন্ত্র তাকে দিয়ে বলিয়ে নেয়, "গাঁয়ের মান ইজ্জতের কথা ভাবতে হয়।" দুর্গা প্রতিবাদ করে। কারণ তার সংসারের অবস্থা তার থেকে ভালো কেউ তো জানে না। সে বলে,"সব যখন ধুয়ে মুছে শেষ হয়ে যাবে, তখন কী হবে? মান ইজ্জত ধুয়ে খাবে?" যদিও এই প্রতিবাদ সে শেষ পর্যন্ত ধরে রাখতে পারে না। ছবির শেষ পর্যায়ে আমরা জানতে পারি— 'দুর্গার ছেলেটা মারা গেছে। দুর্গার স্বামী তিন দিন ধরে নিখোঁজ। দুর্গা এখন একা।' অথচ একটি মাত্র সংলাপের মধ্যে দিয়ে মৃণাল সেন দুর্গার মনের আকুতি বুঝিয়ে দিয়েছিলেন—"যদি যাই ঠেকাতি পারবা?" এই উক্তি শুনে আমাদের মনে হয়েছিল, দুর্গা হয়ত স্বামীর বিরুদ্ধে গিয়ে, গ্রামের মাথাদের বিরুদ্ধে গিয়ে অভিনয় করবে। কিন্তু দুর্গা তা করতে পারেনি। কারণ এই কাজটা ভাবা যত সহজ, করা তত সহজ নয়।

আবার সমাজ পরিবর্তনের আন্দোলন, লড়াই সম্পর্কে ওয়াকিবহাল এক মায়ের গল্প বলে 'মহাপৃথিবী'। ১৯৯০-এর সেপ্টেম্বর মাসের শেষের দিক—দুই জার্মানীর সংযুক্তিকরণ— পূর্ব ইউরোপে সমাজতন্ত্রের পতন শুরু— সোভিয়েতও ভাঙার মুখে— আর কলকাতায় এক মধ্যবিত্ত পরিবারের মায়ের আত্মহত্যা— আপাত ভাবে সংযোগহীন, কিন্তু মায়ের ডায়েরি যোগসূত্র খুঁজে দেয়। ডায়েরি থেকে জানা যায়, তাঁর মেজো ছেলে বুলু একাত্তরের উত্তাল সময়ে পুলিশের গুলিতে মারা যায়। বুলুর মার্কসবাদের প্রতি বিশ্বাস, সমাজতন্ত্রের স্বপ্ন তার মায়ের মধ্যেও কখন যে

সঞ্চারিত হয়েছিল তা আমরা জানি না। কিন্তু তিনিও বিশ্বাস করতেন বুলুদের স্বপ্ন সত্যি হবে। তাই পূর্ব ইউরোপে সমাজতন্ত্রের পতন, দুই জার্মানীর সংযুক্তিকরণ তিনি মানতে পারেননি। ডায়েরিতে লিখেছেন- "বুলু, বুলুরা তাহলে মিথ্যে হয়ে গেল? মিথ্যে?" আর ইতিহাসের স্বপ্নভঙ্গের জন্যই তাঁর আত্মহত্যা বা ইতিহাসের কাছে এটা তাঁর প্রতিবাদ।

কিন্তু এটাই তাঁর প্রথম প্রতিবাদ নয়। বুলুর পর তাঁর বড় ছেলে রঞ্জুও মারা যায়, স্ত্রী ও একমাত্র ছেলেকে রেখে। টালমাটাল সংসার। মায়ের আশা সেজো ছেলে সমু সংসারের হাল ধরবে। কিন্তু থিয়েটারের মঞ্চসজ্জার কাজ শিখতে সে পাড়ি দেয় পশ্চিম জার্মানীতে। সমুর এই কাজকে মার স্বার্থপরতা মনে হয়। অভিমানী মা সমুর সঙ্গে সব যোগাযোগ বন্ধ করেন। তারপর তিনি একদিন সুতপার কাছ থেকে জানতে পারেন সমু দেশে ফিরে আসছে। বউমার কাছে লেখা সমুর চিঠি লুকিয়ে পড়ে বুঝতে পারেন যে সমু পরিবারের জন্য নয়, দেশে ফিরছে কিছুটা বাধ্য হয়েই। কারণ ওখানে তার চাকরির নিশ্চয়তা নেই, যা উপার্জন তাতে ওখানকার উন্নতমানের জীবনযাত্রার সঙ্গে তাল মিলিয়ে চলা যায় না ইত্যাদি। নিজের ভাবনা, জীবন দর্শনের সঙ্গে তিনি হয়ত সমুকে আর মেলাতেই পারেন না। সে বাড়ি ফেরার আগেই মা আত্মহত্যা করেন।

অথচ এই মা-ই বুঝতে পেরেছিলেন সমুর সঙ্গে তার বিধবা বৌদি সুতপার একটা সম্পর্ক তৈরি হচ্ছে। তিনি ডায়েরিতে লিখেছেন,"বউমার কষ্ট আমি বুঝি। আর ওর লজ্জা। আত্মীয়-স্বজনেরা নানা কথা বলে ওদের নিয়ে। কিন্তু..." তিনি বুঝতে পেরেছিলেন লোকলজ্জার ভয়েই সুতপা সমুকে বিদেশ চলে যেতে বলে। আর এখানেই তাঁর ক্ষোভ—"সমু! বউমা! ওরা আমাকে বুঝল না? আমি কি কখনো..." আমরা জানি না ঠিক কী বলতে চেয়েছিলেন উনি। তবে আন্দাজ করতে পারি, সমু ও সুতপার সম্পর্ক নিয়ে তাঁর আপত্তি ছিল না। এইরকম একজন আধুনিক, উদার মনের মাকে আমরা পেয়েছি 'মহাপৃথিবী'-তে। আর পেয়েছি নন্দাকে, যে মানসিক ভাবে অসুস্থ, কিন্তু সে যেন আমাদেরই প্রতিভূ— এই ছন্নছাড়া, অসুস্থ সময়ের প্রতিভূ সে। সোভিয়েত সহ পূর্ব ইউরোপে সমাজতন্ত্রের পতনের পর মার্কিন রাষ্ট্র বিজ্ঞানী ফ্রান্সিস ফুকুয়ামা যতই উৎফুল্ল হয়ে লিখুন *The End of History and the Last Man* (১৯৯২) আসলে তো আমরা এখনও দিশাহীন পৃথিবীর বাসিন্দা, ঠিক নন্দার মতো অসহায়।

আবার মৃণাল সেনের 'জেনেসিস'-এ আমরা দেখি এক নারীকে কেন্দ্র করে দুই পুরুষের লড়াই। নারীর ওপর অধিকারের লড়াই। শমীক বন্দ্যোপাধ্যায়ের কথায়, "যেন পুরুষের জগতের প্রথমা নারী...প্রয়োজনের সীমা পেরিয়ে অপ্রয়োজনের দাবি, নারীর ওপর অধিকারের লড়াই কত সহজে আসে, অথচ কী অনিবার্যতায়।"

জনমানবহীন ধূ ধূ প্রান্তরে এক চাষী চাষ করে। এক তাঁতি কাপড় বোনে। আর একজন ব্যবসায়ী তাদের শস্য ও কাপড়ের বিনিময়ে প্রয়োজনীয় জিনিস দেয় । একদিন একটি ছিন্নমূল মেয়ে তাদের কাছে আসে। এর ফলে তাদের জীবনে নতুন ছন্দ আসে। মেয়েটির প্রতি দুজনেরই কামনা বাসনা তৈরি হয়। মেয়েটি অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। তার সম্ভাব্য সন্তানের বাবা কে তা নিয়ে দ্বন্দ্ব শুরু হয় চাষি আর তাঁতির মধ্যে। সেই সঙ্গে ব্যবসায়ী নিজের স্বার্থ সিদ্ধির জন্য তাদের আরও আরামের, আরও সম্পদের লোভ দেখায়। মেয়েটি বুঝতে পারে, এই লড়াই আত্মহননের লড়াই। এক রাতে সে গর্ভের সন্তানকে বাঁচাতে সেই জায়গা ছেড়ে চলে যায় নতুন জীবনের খোঁজে। মৃণাল সেনের কথায়,"মাতৃতন্ত্রের পরাজয়, ব্যক্তিমালিকানা, পুঁজির প্রসার— এঙ্গেলস রচিত এ-সমস্ত তত্ত্ব যেন ছায়া ফেলে ছবিটাতে— 'জেনেসিস'-এ।"

এই ভাবেই মৃণাল সেনের ছবির নারী চরিত্রদের আমরা আমাদের আশে পাশেই খুঁজে পাই। তাঁরা লড়াইয়ে আছেন, রাস্তাও খুঁজছেন, কিন্তু লড়াই জিতেই গেছেন বা রাস্তা পেয়েই গেছেন এমন নয়।

কারণ এটা তো সিনেমার happy ending-এর মতো সহজে হয় না। 'পদাতিক' সিনেমায় আমরা মিসেস মিত্রকে বেশ কয়েকজন প্রতিষ্ঠিত মহিলার সাক্ষাৎকার নিতে দেখি। তিনি জানতে চেয়েছিলেন, আমাদের দেশে রাজনৈতিক, সামাজিক ও অন্যান্য নানা ক্ষেত্রে অনেক পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনের প্রভাব কি মেয়ে-পুরুষের সম্পর্কের ওপরও পড়েছে? তাঁরা যা বলেছেন তার সারমর্ম হল— মেয়েরা এখন লেখাপড়ার সুযোগ বেশি করে পাচ্ছে, পুরুষের সঙ্গে সমান তালে কাজকর্ম, রুজি রোজগার করছে। কিন্তু পরিপূর্ণ নারী স্বাধীনতা বলতে যেটা বোঝায় সেটা এখনও মেয়েরা পায়নি। কারণ তাঁরা চাকরিই করুন বা যাই করুন পুরুষদের নির্দেশিত পথেই করেন। অনেক ক্ষেত্রেই তাঁরা commodity হিসাবে বাজারে আসছেন। ধনতান্ত্রিক সমাজ তাঁদের শোষণ করছে। তাই তাঁদের সাফ কথা, "সমাজ ব্যবস্থার পরিবর্তন না হলে মেয়েরা কখনোই পূর্ণ স্বাধীনতা পাবেন না।" মৃণাল সেনও তাঁর সিনেমায় এই কথাই বারে বারে বলতে চেয়েছেন।

তথ্যসূত্রঃ

১। চিত্রনাট্য—মৃণাল সেন

২। *একদিন প্রতিদিন : মৃণাল সেনের ও আমাদের*—দীপেন্দু চক্রবর্তী-মৃণাল সেন—সম্পাদনা প্রলয় শূর —বাণীশিল্প

৩। *তৃতীয় ভুবন*- মৃণাল সেন—আনন্দ পাবলিশার্স

৪। *মৃণাল সেনের ফিল্মযাত্রা*—শিলাদিত্য সেন—প্রতিক্ষণ

৫। 'ভুরু দেখে আঁতকে উঠলেন মৃণাল সেন'—শ্রীলা মজুমদার—আনন্দবাজার অনলাইন, ২৭ ডিসেম্বর, ২০১৫ ০০.৩০

৬। *শতবর্ষে চলচ্চিত্র-২য় খণ্ড*, নির্মাল্য আচার্য ও দিব্যেন্দু পালিত সম্পাদিত—আনন্দ পাবলিশার্স

৭। *MRINAL SEN—SIXTY YEARS IN SEARCH OF CINEMA*- Dipankar Mukhopadhyay -Harper Collins Publishers India

৮। *দেখা সিনেমা : সিনেমা দেখা*—শমীক বন্দ্যোপাধ্যায় ও সোমেশ্বর ভৌমিক নির্বাচিত ও সম্পাদিত—অনুষ্টুপ প্রকাশনী, কলকাতা।



150 YEARS OF CELEBRATING THE MAHATMA

The Asiatic Society

Founded in 1784

(An Institution of National Importance declared by an Act of Parliament)
and
(An Autonomous Organization under Ministry of Culture, Government of India)

Patron : Hon'ble Governor of West Bengal

Ref. No. : 076

Date : 23 Dec 22

NOTICE

This is to inform that the User Services (day issue & home issue) will be hampered due to the Shifting Work of the Library with effect from 23.12.2022 for a period of 30 days.

Inconvenience caused in this regard is highly regretted.

(Anant Sinha)
Lieutenant Colonel
Director

সিনেমার সাক্ষাতে : 'ইন্টারভিউ'-এর একটি দৃশ্যকে ফিরে দেখা

অনিন্দ্য সেনগুপ্ত
সহকারী অধ্যাপক, ফিল্ম স্টাডিজ বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

মৃণাল সেনের জন্মশতবর্ষ চলছে। এইরকম সময়ে যেমন একজন শিল্পীর পুনর্মূল্যায়নের জন্য প্রস্তুত হতে হয়, তেমনই ভাবতে হয় যে সেই মূল্যায়নের পন্থা একই থাকবে যা বিংশ শতকে ছিল, না কি আমাদের সময় কোনও নতুন প্রেক্ষিত দেবে। পঞ্চাশ বছর আগে তাঁর শিল্পীজীবন নতুন বাঁক নিয়েছিল, এবং তাঁর 'ভুবন সোম'-এর সঙ্গে শুধু তাঁর ছবিরই নয়, ভারতীয় ছবির একটি পর্বান্তর ঘটেছিল। বলা যায়, বাংলা ছবির 'ধরন'-এর নিরিখে মৃণাল সেন যেন নিজের প্রজন্ম থেকেই বেশ খানিকটা সরে গেলেন; সেই প্রজন্মের মুখ্য নাম সত্যজিৎ রায়, এটা মনে করেই বলছি। সত্যজিতের সঙ্গে এই নতুন ছবির 'ধরন' নিয়ে বেশ খানিক বাগবিতণ্ডাও হয়েছিল তাঁর। এই যে সরে যাওয়া, এই যে নিজের প্রজন্ম থেকে সরে গিয়ে আবার নতুন হওয়া—এটা খুব বেশি শিল্পীর মধ্যে দেখতে পাওয়া যায় না।

ভেবে দেখার সময় এসেছে যে সেই যে পঞ্চাশ বছর আগে, প্রায় পঞ্চাশ ছুঁতে চলেছেন এমন বয়সে একজন মধ্যবয়স্ক যে তাঁর শিল্পের আঙ্গিকে এবং ধরনে নতুন যৌবন নিয়ে এলেন, সেই থেকে ভারতীয় ছবি আরও নতুন হয়েছে কি? আমার তর্কসাপেক্ষ মত—না, এবং যদি পাঠক সহমত হন তাহলে এ নিয়ে ভাবার বা চিন্তান্বিত

হওয়ার প্রয়োজন আছে। আমাদের তার সঙ্গে এও ভাবতে হবে যে একটি মাধ্যমের নতুনত্ব আমাদের কোথায় সন্ধান করতে হয়—বিষয়ে? আঙ্গিকে? সমসাময়িকতায়? না কি সমসময় থেকে ঊর্ধ্বে ওঠার ক্ষমতায়?

যাঁরা মৃণাল সেনের ছবি সম্পর্কে অবহিত– তাঁরা হয়তো বলবেন যে সেই ছবির নতুনত্ব এই প্রতিটি বিষয়েই ছিল। কিন্তু তাঁরা নিশ্চয়ই এতেও সহমত হবেন যে ১৯৬৮ সাল থেকে এক কী দেড় দশকে তাঁর ছবির সবচাইতে চমকপ্রদ নতুনত্ব ছিল তার আঙ্গিকে। যে বিষয়টা ভাবায় যে এই আঙ্গিক ১৯৮২-র 'খারিজ' থেকে তিনিই আর ব্যবহার করেননি কেন? কিন্তু তার চাইতেও ভাবায় যে এই আঙ্গিক সে অর্থে ভারতীয় ছবিতে কিছু ব্যতিক্রম ছাড়া আর ব্যবহৃতও হল না কেন? তেমন, সেই আঙ্গিকের বিবর্তন হল না কেন? যেন সত্তর দশকেই এই আঙ্গিকের 'প্রয়োজন' ফুরিয়ে গেল ভারতীয় ছবিতে; বিশেষ করে মূলধারার বাইরে অবস্থিত রাজনৈতিক ছবিতে এই আঙ্গিকের আর সে অর্থে পুনর্ব্যবহার হল না, হল না পুনর্নবীকরণ।

এই আঙ্গিকের মূল বৈশিষ্ট্য কী ছিল? প্রথমত, ফিকশন ও নন-ফিকশনের মিশেল; 'ভুবন সোম'-এ নামচরিত্রের পরিচিতি দেওয়ার সময়ে এই পদ্ধতি প্রথম দেখতে পাই আমরা। দ্বিতীয়ত, সিনেমা আর থিয়েট্রিকালের মিশেল, যা প্রায় সার্বিক হয়ে ওঠে 'কোরাস'-এ (১৯৭৪)। তৃতীয়ত, সম্পাদনা, ইমেজ-কম্পোজিশন এবং শব্দ-চিত্র সংযোজনায় গতানুগতিক নিরবচ্ছিন্নতা বা 'কন্টিনিউটি' ব্যাহত করা মুহুর্মুহু; স্থিরচিত্র, গ্রাফিক্স, প্যামফ্লেটের আঙ্গিকের ব্যাপক ব্যবহার।

এই আঙ্গিক কি বিশ্বসিনেমায় নতুন ছিল? না। এই ক্ষেত্রেই যে চলচ্চিত্রকারের নাম বারবার উঠে আসে তিনি হলেন ফরাসী নবতরঙ্গের জঁ-লুক গোদার। এই সময়ে মৃণালের ছবি যে 'গোদারিয়ান' হয়ে ওঠে এমনটি অনেকেই বলেন, কারণ গোদারের ছবি যেন আগের প্যারায় বলা আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলির প্রতিনিধি হয়ে আছে সিনেমার ইতিহাসে। কিন্তু সেভাবে ব্যাখ্যা করাটাও ঠিক যথাযথ হয় না – এই আঙ্গিক ১৯৬০ ও '৭০-এর দশকে সারা পৃথিবীতেই ব্যাপ্ত ও ব্যাপকভাবে ব্যবহৃত হয়েছে; নতুন জার্মান ছবিতে, জাপানের নবতরঙ্গে, পূর্ব ইউরোপীয় ও লাতিন আমেরিকান ছবিতে, প্রায় সর্বত্র এই আঙ্গিক তখন ব্যবহৃত হচ্ছে; তাই গোদারের নামে নামকরণ করাটা ভুল না হলেও ঠিক যথাযথ হয় না।

বরং এই আঙ্গিককে 'ব্রেখটিয়ান' বললে আরো সঠিক হয়, কারণ জঁ-লুক গোদারও সে অর্থে সিনেমার ইতিহাসের অন্যতম ব্রেখটিয়ান। অতএব, মৃণাল সেন সমসাময়িক বিশ্বসিনেমার এই নব্যতাকে অনুসরণ করছেন এটা বলাটা ঠিক নয়, বরং বলা উচিত উক্ত দুই দশকে সারা পৃথিবীতেই ব্রেখটিয়ান সিনেমার যে তরঙ্গের উচ্ছ্বাস ঘটেছিল মৃণাল সেন ছিলেন তার অন্যতম অংশগ্রহণকারী, এইখানেই তাঁর বিশ্বনাগরিকতা, এইখানেই তাঁর কসমোপলিটানিজম। কিন্তু আমি এই ছোট লেখায় ব্যাখ্যা করতে চাইবো কীভাবে মৃণালের 'ব্রেখটিয়ানত্ব' বাকি বিশ্ব-সমসাময়িকদের থেকে বেশ খানিকটা আলাদা, স্বকীয় ছিল।

এই সময়ের ব্রেখটিয়ান সিনেমা কী করতে চাইছে? সোজা উত্তর একটি, বিশ্ব-সিনেমার ইন্ডাস্ট্রিয়াল মূলধারার ছবিকে ধনতান্ত্রিক ছবি হিসেবে দেখে তার নিরিখে ও বিপক্ষে সিনেমাকে একটি সচেতন রাজনৈতিক বিকল্প হিসেবে পেশ করতে চাইছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে 'শীতল যুদ্ধ'-র সময়ে রাজনৈতিক-অর্থনৈতিক কারণে সারা বিশ্বে আমেরিকান ছবির আধিপত্য ঘটে; এবং এখানে আমেরিকান ছবি বলতে ধরে নেওয়া হচ্ছে হলিউড ইন্ডাস্ট্রি দ্বারা নির্মিত ছবিকে (মনে রাখা ভাল যে সমস্ত আমেরিকান ছবি হলিউডে নির্মিত হয় না; সমস্ত আমেরিকান ছবিকেই 'হলিউড' বলা মানে অধুনা সমস্ত ভারতীয় ছবিকেই 'বলিউড' বলার মতোই খানিক ভুল বা সরলীকরণ)। এক কথায়, হলিউডকে 'মডেল' হিসেবে ধারণ করে সারা পৃথিবীর ইন্ডাস্ট্রিয়াল ছবিকেই তখন 'মূলধারা' মনে

করা হল। যেহেতু প্রায় সমস্ত প্রধান ইন্ডাস্ট্রিয়াল ছবিই মূলত মুনাফার জন্য নির্মিত, তাই এই ছবির আঙ্গিককে ধনতান্ত্রিক সিনেমার অন্যতম উপাদান মনে করা হত।

এই মূলধারার আঙ্গিকটি কী রকম? মূলত এক ধরনের বাস্তববাদ, যা শৈলী বা আঙ্গিক থেকে দৃষ্টি সরিয়ে দেয় চরিত্রকেন্দ্রিক আখ্যানের একটি নিরবচ্ছিন্ন কথনের দিকে; পর্দায় যখন সেই গল্প উন্মোচিত হতে থাকে তখন তা আমাদের 'বাস্তবসম্মত' মনে হওয়াটাই কাম্য, এবং 'কীভাবে' গল্প বলা হচ্ছে তার চাইতেও এই ছবিতে প্রধান হয়ে ওঠে 'কী' বলা হচ্ছে। দর্শকের মনে হতে থাকে যেন যে গল্পটার নিজে থেকেই হয়ে ওঠা তাঁরা পর্দায় দেখছেন— সেই গল্পটি যেন কোনও নির্মাণ নয়, সেই গল্প আর দর্শকের মধ্যে যেন কোনও মধ্যস্থতা নেই– এমন একটি 'মায়াজাল'-এ আবদ্ধ হয়ে যান দর্শকেরা।

বের্টোল্ট ব্রেখটের তত্ত্ব ও নাট্যচর্চা থেকে রাজনৈতিক চলচ্চিত্রকারেরা প্রথমত যে শিক্ষাগুলি নেন তা হল কীভাবে এই 'মায়াজাল', এই 'ভ্রম' ও 'মরীচিকা' ছিন্ন করা হবে। ১৯২০-এর যে ইউরোপীয় আধুনিকতাবাদ থেকে ব্রেখট অনুপ্রাণিত হচ্ছেন, তার অন্যতম অর্জন ছিল এই যে শিল্প 'জানালা' নয় যে তা জগতকে বিশেষ পরিপ্রেক্ষিত থেকে দেখাবে, শিল্প 'আয়না' নয় যে জগতকে 'প্রতিফলিত' করবে; বরং একটি শিল্পকর্ম এই জগতে একটি 'নির্মিত বস্তু', যার আস্বাদনের অন্যতম শর্ত এই নয় যে সে জগতের কতটা পুঙ্খানুপুঙ্খ প্রতিলিপি তৈরি করল, বরং প্রধান হয়ে উঠবে সে জগৎ থেকে কতটা ভিন্নতায় আছে, এবং জগৎকে কীভাবে সে 'পালটে' দিয়ে দেখছে। মূলত যে কটা ইন্দ্রিয় মারফত শিল্পের আস্বাদন করি আমরা, যার মধ্যে দৃষ্টি ও শ্রবণ প্রাধান্য পাবে; এবং যে 'ভাবে' আমরা শিল্পের অর্থ নির্মাণ করি— এই দুটি ক্ষেত্রকেই পালটে দিয়েছিল আধুনিকতাবাদ । বের্টোল্ট ব্রেখট তাকেই দিয়েছিলেন রাজনৈতিক মাত্রা— নাটক সমাজের প্রতিলিপি পেশ করে না, পেশ করে সমাজকে ব্যাখ্যা করার, নিরীক্ষা করার একটি নির্মাণ, এবং সেই ব্যাখ্যা, নিরীক্ষা ও নির্মাণ একটি দ্বান্দ্বিক বস্তুবাদী প্রক্রিয়া — বলা যেতে পারে এখান থেকেই ব্রেখটিয়ান নন্দনতত্ত্বের শুরু।

সেইজন্যই গোদারের ছবিতে বাস্তবের প্রতিলিপি নির্মাণের গতানুগতিক মেথডগুলি ভাঙতে থাকে এবং বিকল্প শৈলী ও প্রকরণ যুগপৎ গড়তে থাকে, সিনেমা হয়ে যায় 'অচেনা' অতএব 'নতুন'। এই চর্চায় তাই অন্যতম এবং চমকপ্রদ একটি বৈশিষ্ট্য হল সিনেমার 'আত্মসচেতন' বা 'সেল্ফ-রিফ্লেকসিভ' হয়ে ওঠা — অর্থাৎ একটি ছবি নিজের নির্মিতির সত্যতা নিয়ে সদাসচেতন থাকে ও দর্শককে সচেতন করতে থাকে যে সে একটি 'নির্মাণ', বাস্তবতার মরীচিকা বা ভ্রম নয়। সিনেমা যে শুধুই সিনেমা, 'চতুর্থ দেওয়াল' ভেঙে তা ঘোষিত হতে থাকে, অনেকক্ষেত্রেই খেলাচ্ছলে।

ভারতীয় ছবির ইতিহাসে এরকম অন্যতম চমকপ্রদ একটি মুহূর্ত আমরা দেখতে পাই 'ইন্টারভিউ' (১৯৭১) ছবিতে। সেই দৃশ্যে যেখানে রঞ্জিত মল্লিক অভিনীত রঞ্জিত নামেরই নায়ক চরিত্রটি যখন বাসে যাচ্ছে, তখন একজন তরুণী 'উল্টোরথ'-এর পাতা ওলটাতে ওলটাতে এই সুদর্শন নায়কের ছবি দেখে ফেলে, এবং তাতে লেখা যে তিনি মৃণাল সেনের পরবর্তী ছবির নায়ক। তরুণী চমৎকৃত, পাশে একটি প্রৌঢ় তাতে বিরক্ত, সবার দৃষ্টি যখন রঞ্জিতের দিকে পড়তে থাকে, সে প্রথমে কুণ্ঠিত হয়, তারপর ক্যামেরার দিকে তাকিয়ে বলতে শুরু করে যে 'উল্টোরথ'-এ তারই ছবি বেরিয়েছে, এই ছবির পরিচালক মৃণাল সেন, তার মায়ের চরিত্রে যিনি অভিনয় করছেন সেই করুণা বন্দ্যোপাধ্যায় যে সত্যজিতের 'অপু ত্রয়ী'র সেই সর্বজয়া তা 'প্রমাণ'-সহ স্বীকার করা হয়, ছবি যিনি তুলছেন সেই কে কে মহাজন-কেও আমরা দেখতে পাই তাঁর ক্যামেরা-সহ। ছবির 'ফোর্থ ওয়াল' ভেঙে পড়ে ...।

এই দৃশ্যটি কি 'গোদারিয়ান'? যেভাবে 'ব্রেথলেস' বা 'পিয়েরো লে ফু'-তে জঁ-পল বেলমন্দ

ক্যামেরার দিকে তাকিয়ে দর্শকের সঙ্গে কথা বলে উঠেছিলেন তার সমগোত্রীয়? যেভাবে 'কনটেম্পট'-এর শুরুতে আমরা দেখতে পাই ক্যামেরার পিছনে রাউল কুতারকে, কে কে মহাজনকে দেখা তারই বঙ্গীকরণ কি?

আপাতভাবে 'হ্যাঁ' মনে হলেও আমার তর্ক এই যে কিছুটা তফাত আছে, এবং সেই তফাত কেবলই সাংস্কৃতিক— আঞ্চলিক তফাত নয়। বরং আমি বলব এই তফাত বেশ জরুরী তফাত যা মৃণাল সেনকে স্বকীয় করে তোলে।

গোদার তাঁর ছবির যে 'কৃত্রিমতা' — তাকে অধিরেখ করছেন। সিনেমা জিনিসটাই যে 'কৃত্রিম', জীবনের টুকরো নয়, সেটা মনে করিয়ে দিচ্ছেন। কিন্তু মৃণাল সেন সেখানেই থামছেন কি? না, তিনি এগোচ্ছেন আরো কয়েক কদম, এবং চমৎকৃত বুদ্ধিদীপ্ততায় খানিক উলটোপথে আসছেন, মৃণাল বলছেন তাঁর ছবির দর্শক জীবনকেই দেখছেন, নির্মাণের পিছনে যে জীবন আছে — তাকে।

অর্থাৎ বেলমন্দ কিন্তু বলছেন না যে তাঁর অভিনীত চরিত্রটি তাঁর মতোই কেউ, বা তিনি বেলমন্দ হয়ে কথা বলে উঠছেন না, অর্থাৎ নিজেকে নিয়ে কথা বলছেন না। কিন্তু এটাই রঞ্জিতের প্রধান বক্তব্য যে চরিত্র রঞ্জিতের সঙ্গে নবাগত অভিনেতা রঞ্জিত মল্লিকের বেমিলের চাইতে মিলটাই অনেক বেশি। দুজনেই — চরিত্র আর অভিনেতা — একইভাবে চাকরির সন্ধান করছে। আবার যখনই করুণা বন্দ্যোপাধ্যায়ের অভিনয়-জীবনের অন্যতম শ্রেষ্ঠ মুহূর্তটির স্মরণ হল, তখনই আমাদের মনে পড়ার কথা যে সেই 'অপরাজিত'-তে অপুও ছাপাখানায় কাজ করত যেভাবে রঞ্জিত করে/করেন। জীবন আর সিনেমার ফারাক নয়, জীবন আর সিনেমার নৈকট্যই এখানে প্রধান হয়ে ওঠে। ইন্ডাস্ট্রিয়াল সিনেমার নায়কের ছবি 'উল্টোরথ'-এ ওঠা মানে সে আর সাধারণ যুবক থাকছে না, আজকের দুনিয়ার ভাষায় সে সেলিব্রিটি হয়ে উঠবে — সামাজিক বাস্তবে এমনই হওয়ার কথা। কিন্তু 'ইন্টারভিউ'-এ এই মুহূর্তটি বলছে যে সেই ছবি ম্যাগাজিনের পাতায় ওঠা সত্ত্বেও রঞ্জিত একাত্তরের আরো অনেক বেকার যুবকের মতোই একজন আখেরে।

এক কথায় — এই মুহূর্তটিতে যেন সেইসব রাস্তায় শিবঠাকুর সাজা সং-টির দুটো পয়সা চাওয়ার মত; সে নিজের দেবত্ব-র 'নির্মাণ'-কে ভাঙছে না মোটেও, সে বলছে যে সে ভিক্ষাপ্রার্থী, সেইজন্যই সে দেবতার সাদৃশ্য ধারণ করেছে। মানুষের সাধ দেবতাকে সাক্ষাতে দেখা, তাই সে দেবতা সেজেছে, এবং তাই সে সেই সাজা-র পারিশ্রমিক চাইছে সাধারণ মানুষ হয়েই। ঠিক সেভাবেই মৃণাল সেনের ছবিটি এবং তার কলাকুশলীরা বলছেন যে তাঁরাও সাধারণ গড়পড়তা মানুষ, যাঁরা দেখছেন ছবিটা তাঁদের মতই। এই যে ছবিটা 'গল্প', তার মানে সে 'মিথ্যা' নয়; বরং ছবিটা বলে যে এই নির্মাণের বাস্তবতা, বা নির্মাণের অন্তরালে যে বাস্তবতা তার থেকে ছবিটা খুব দুরত্বে নেই।

এই নৈকট্যর আন্তরিকতা গোদারের ছবির উদ্দেশ্য নয়; এখানেই মৃণাল সেন স্বকীয়। গোদারের ছবিতে যা কিনা সিনেমার আত্মসচেতনতা, মৃণালের ছবিতে তা বাস্তবধর্মী সিনেমার, বাস্তবের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকা সিনেমার আত্মসচেতনতা। এবং ব্রেখটিয়ান সদর্থে। ব্রেখটের অন্যতম উদ্দেশ্য ছিল মঞ্চে যাঁরা আছেন এবং দর্শকের আসনে যাঁরা আছেন তাঁদের ব্যবধান ঘোচানো। অর্থাৎ যিনি দেখছেন তাঁর যেমন জীবিকার জন্য কিছু স্কিল জানা আছে, মঞ্চে এই মুহূর্তে যাঁরা শ্রমজীবী, তাঁদেরও ভিন্ন কিছু স্কিল জানা আছে মাত্র। তাই বলে তাঁরা সাধারণের চাইতে আলাদা হয়ে যান না, বরং তাঁরা অভিনয়-নাচ-গান ইত্যাদির শ্রমিক বলেই তাঁরা দর্শকের শ্রেণির মানুষই মাত্র।

সালটি ১৯৭১। ১৯৪৭-এ একটি বিশ্বাসভঙ্গ ঘটেছিল দেশভাগের মাধ্যমে। এই বাংলার মানুষ তাও স্বাধীন দেশে নতুন জীবন শুরু করতে চেয়েছিল ভরসাকে পাথেয় করে। একাত্তরে যখন ওপারের বাংলা শাসকের হাত থেকে সার্বভৌমত্ব

ছিনিয়ে নিচ্ছে, এপারে তখন চুরমার হয়ে যাচ্ছে শাসক ও আরও নানান জাতীয় প্রত্যয়ের প্রতি বিশ্বাস, নাড়া খাচ্ছে, পালটে যাচ্ছে ঐতিহাসিক বাস্তবতাকে বোঝার পন্থা। রাষ্ট্রের পিতৃসুলভ অভিভাবকত্ব থেকে বিশ্বাস টলে গেছে, বিশ্বাস টলে গেছে বিরোধী রাজনীতিতে, যাঁরা পিতৃসুলভ প্রৌঢ় তাঁদের নেতৃত্ব থেকেও। আর কোনও প্রতিষ্ঠানেই ভরসা নেই দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া তরুণ প্রজন্মের; বরং পালটা প্রায় আত্মঘাতী আঘাতের পন্থা নিয়েছেন অনেকে । ১৯৭১ আমাদের ইতিহাসে অস্থিরতম, অন্ধকারাচ্ছন্ন একটি মুহূর্ত, এবং সেই আঁধারকে মৃণাল সেন আকার 'কলকাতা ৭১' শিরোনামেই পরের ছবিতে ।

তার আগে, 'ইন্টারভিউ'-এর এই মুহূর্তটিতে যেন সিনেমা আশ্বাসের হাত, বন্ধুর হাত, আন্তরিকতার হাত বাড়িয়ে দিচ্ছে একদম সাধারণ মানুষদের কাছে, তার নিজের আটপৌরে 'সত্য' উন্মোচন করে। এখানেই মৃণাল সেন হয়ে যান আশি ও নব্বইয়ের দশকের নতুন ইরানিয়ান ছবির পূর্বসূরী। আটপৌরে সাধারণ জীবন যে সিনেমা হয়ে উঠতে পারে তা বাংলা সিনেমা সেই সবাক যুগ থেকেই বলছে, তার পুনর্নবীকরণ ঘটেছিল 'পথের পাঁচালী'-তে, যেখানে ছবির আঙ্গিক ও শৈলীও সেই দৈনন্দিনতা থেকে উঠে এসেছিল। 'ইন্টারভিউ'-তে এইবার বলা হল যে শুধু বিষয়, চরিত্র, গল্প বা ফর্ম নয় – এই ছবি যাঁরা বানাচ্ছেন, এবং এই ছবির যে বাসনা, তাও সাধারণত্ব থেকে দূরে নয়, বরং দর্শকের প্রতিবেশীর মতো, সমব্যথীর মতো এই ছবি বন্ধুভাবাপন্ন। সিনেমা বানানোর ক্রিয়াটিও দৈনন্দিনেই প্রোথিত। সব যখন ভাঙছে সিনেমা বাড়িয়ে দিচ্ছে বন্ধুর হাত।

এই জন্যেই আমার মনে হয়, তথাকথিত আর্ট সিনেমা নিয়ে যে 'কমনসেন্সিকাল' ধারণা তা কতিপয় উচ্চসাংস্কৃতিক 'এলিট'-দের ক্ষেত্রে সীমাবদ্ধ থাকে, এবং সাধারণ মানুষের বোধ ও বুদ্ধির থেকে সুদূরে ও উচ্চে থাকে অবস্থিত– মৃণাল সেনের ছবি আদপেই সেরকম ছিল না। অন্তত আকাঙ্ক্ষায়-বাসনায় তা ছিল না। এইখানেই প্রথম বিশ্বের আভাঁ-গার্দ ছবির থেকে এই ছবি আলাদা। জীবন থেকে ভিন্নতার 'ডিমিস্টিফিকেশন' এই আলোচিত দৃশ্যটির উদ্দেশ্য ছিল না; বরং নিওরিয়ালিজম ও তার অনুসারী বিশ্বসিনেমার পথেই এই ছবি সাধারণ জীবনের সঙ্গে সংশ্লেষের কথাই বলতে চায়; কিন্তু পন্থাটা যায় পালটে। জঁ-লুক গোদার যখন সিনেমার কৃত্রিমতাকে অধিরেখ করছেন ইন্ডাস্ট্রিয়াল সিনেমার নিশির ডাকের বিপদ থেকে দর্শককে সচেতন করতে এবং সার্বিক সিনেমার অভিজ্ঞতাকে পালটে দিতে, মৃণাল সেন সেই পন্থাকেই ব্যবহার করছেন দর্শকের সঙ্গে একটি অকপট সম্পর্কস্থাপনের আকাঙ্ক্ষায়। তাই তাঁর ছবি সম্পূর্ণ ভিন্ন অর্থে বাস্তবধর্মী, বাস্তবের প্রতি সম্মত। বিশ্বাস ও ভরসার সার্বিক ভাঙনের সেই যুগে সিনেমার এই 'জেশ্চার' তাই একটি নৈতিক জেশ্চার ছিল।

এইজন্যই একটি ভিন্ন প্রশ্ন আমাকে ভাবায়— আমাদের অন্যতম উষ্ণ, অকপট, আন্তরিক এই চলচ্চিত্রশিল্পীর শেষ পর্বের ছবিগুলি এত বিষাদে কেন আবিষ্ট ছিল? কেন 'একদিন অচানক'-এর প্রৌঢ় নিরুদ্দেশে গেলেন? কেন 'খণ্ডহর'-এ ইমেজের অসহায়তার প্রতিবেদন ও ইমেজনির্মাতার মিথ্যে প্রতিশ্রুতি দেওয়া? কেন 'অন্তরীণ'-এ এই বাংলার ভেঙে পড়া সৌধে একজন একাকীর কারুর সঙ্গে কথা বলার এই উদ্বেগ? 'খারিজ'-এর ব্যর্থতার গ্লানির মেঘ এবং একদশক আগে সংকটের সময়ে যা ছিল প্রাঞ্জল, তুলনামূলক স্থিতির সময়ে সেই আটপৌরে মধ্যবিত্ততাই কেন নৈতিক কারাগারের মতো হয়ে গেছে? কেন 'আকালের সন্ধানে' সিনেমা যাত্রা করলে নিজের সীমাবদ্ধতারই সম্মুখীন হয় শুধু, অপরের খবর দিতে পারে না? বিশ্বাসে কখন, কোথায় চিড় ধরল? সিনেমা বিশ্বাসের হাত বাড়িয়ে দিয়েছিল, স্পর্শ পেয়েছিল কি?

মহর্ষি দেবেন্দ্রনাথের সুরের ভুবন ও তাঁর রচিত একটি অপ্রকাশিত ব্রহ্মসঙ্গীত সুরান্তরের স্বরলিপি

দেবাশিস রায়
ব্রহ্মসঙ্গীত বিশেষজ্ঞ

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী থেকে তাঁর সুরের ভুবন সম্বন্ধে প্রায় কিছুই জানা যায় না। *নববার্ষিকী* ১২৮৪-তে প্রকাশিত 'শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঠাকুর' নিবন্ধ থেকে জানতে পারি (পৃ. ২২৯) 'হিন্দু কলেজ পরিত্যাগ করিবার পর ইহার পিতা ইহাকে নিজকার ঠাকুর এণ্ড কোম্পানি এবং ইউনিয়ন ব্যাঙ্ক প্রভৃতি বাণিজ্য কার্যালয়ে কার্য শিক্ষা করিতে নিযুক্ত করিয়া দেন। এই সময় ইহার দুইটি বিষয়ে অনুরাগ জন্মে; ইনি সঙ্গীত এবং সংস্কৃত শিক্ষা করিতে প্রবৃত্ত হন। পরে ১৭৬০ শকে সংগীত শিক্ষা ত্যাগ করিয়া সংস্কৃত শিক্ষায় অধিকতর মনোনিবেশ করেন।' সুতরাং দেখা যাচ্ছে খুব বেশিদিন তিনি সংগীতশিক্ষা করেননি। পরবর্তীকালে ব্রাহ্মসমাজের প্রয়োজনে ব্রহ্মসংগীত রচনা করলেও অপরকে দিয়ে সংগীত রচনা করানোতেই তাঁর উদ্যোগ লক্ষ্যণীয়।

মহর্ষি দেবেন্দ্রনাথ কেবল ব্রাহ্মসমাজের কেন্দ্র পুরুষ হিসেবেই প্রখ্যাত সঙ্গীতজ্ঞ ও তাঁর পরিবারের প্রিয়জনদের ব্রহ্মসঙ্গীত রচনায় উৎসাহ দিতেন না, তিনি ব্রহ্মসংগীতের কাব্য সম্পদেরও গুণগ্রাহী ছিলেন। নতুন নতুন সুরের পরীক্ষা নিরীক্ষায় তাঁর প্রশংসা পাওয়া যেত। প্রতি উৎসবে নতুন ব্রহ্মসংগীত রচনায় তাঁর নেপথ্য উদ্দীপনার ভূমিকা থাকত সন্দেহ নেই। পুত্র-কন্যা, আত্মীয়-পরিজন ছাড়াও বাংলার বিশিষ্ট সংগীতগুণীদের গীত-রচনায় তাঁর এই সারস্বত উৎসাহ ব্রহ্মসংগীতের ভাণ্ডারকে ঋদ্ধ করতে সাহায্য করেছিল।

মহর্ষি দেবেন্দ্রনাথও বেশ কিছু ব্রহ্মসংগীত নিজে রচনা করেছিলেন। এর মধ্যে 'ছয়'টি গানের সুর পাওয়া যায়। 'পরিপূর্ণমানন্দং অঙ্গবিহীনং' গানটির 'দেশ' রাগ ও 'তেওট' তালে নিবদ্ধ কাঙ্গালীচরণ সেনকৃত স্বরলিপি প্রথম প্রকাশিত হয় আদি ব্রাহ্মসমাজ প্রকাশিত *ব্রহ্মসঙ্গীত স্বরলিপি*-র পঞ্চম ভাগে (বৈশাখ ১৩১৬)। পরবর্তীকালে সাধারণ ব্রাহ্মসমাজ প্রকাশিত *ব্রহ্মসঙ্গীত স্বরলিপি*-র পঞ্চম খণ্ডে এটি পুনর্মুদ্রিত হয়। সাধারণত এই সুরে গানটি গাইতে শোনা যায় না। ভি.ভি. ওয়াঝলওয়ারের গাওয়া সুরেই এই গানটি বহুল প্রচারিত ও জনপ্রিয়। পরবর্তী প্রজন্মের শিল্পীরাও সেই সুরেই গানটি গেয়ে থাকেন। কিন্তু গানটির স্বরলিপি এখনও অপ্রকাশিত। এবারের সংখ্যায় গানসহ স্বরলিপি সংকলিত হল।

স্বরলিপি

'পরিপূর্ণমানন্দং অঙ্গবিহীনং' মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর রচিত ব্রহ্মসঙ্গীতটি ভি.ভি. ওয়াঝলওয়ারের গাওয়া ক্যাসেট থেকে স্বরলিপি প্রস্তুত করে মুদ্রিত হল। আর পি.জি.এইচ.এম.ভি. প্রকাশিত (নম্বর STHVS-24235) ক্যাসেটটির শিরোনাম 'উপাসনার গান'।

পরিপূর্ণমানন্দং।
অঙ্গবিহীনং স্মর জগন্নিধানং।।
শ্রোতস্য শ্রোত্রং মনসো মনো যদ্বাচো হ বাচং,
ৱাগতীতং, প্রাণস্য প্রাণং, পরং বরেণ্যং।।

কথা : মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর

সুর : ভি.ভি. ওয়াঝলওয়ার

স্বরলিপি : দেবাশিস রায়

II	[প]ম	[ম]প	র্সা	-া	-ণর্সা	-ণর্সা	-ণা	[-ণ]ধা	-পধা	পা	-া	-রা	-া	-া
	প	রি	পূ	০	০০	০০	০	০	০র্	ণ	০	ম্	০	০

রগা	-মা	-রগা	-পা	মপা	-মপা	-মা	-গা	-রগা	রা	-া	-া [II]
আ০	০	০০	০	ন০	০০	০	০	০ন্	দ	ম্	০

মা	-া	মগা	-রা	সা	রগমা	-রসা	-না্	-ধ্ন্সা	সা	-া
অ	ঙ্	গ০	০	বি	হী০০	০০	০	০০০	ন	ম্

সনা্	সা	মমগা	-সরা	মা	-া	[ম]পা	পধা	-পধণা	-ধণর্সা
স্ম০	র	জ০০	০০	গ	০	ন্নি	ধা০	০০০	০০০

-ণর্সর্রা	-া[র্স]	র্সা	-র্রা	-র্সণা	-ধপা	-মা	-পা	II
০০০	০	ন	ম্	০০	০০	০	০	

II	পা	-া	-ধা	মা	-া	পা	না	-া	-র্সা	-ধনর্সা	র্সা	-া	-া
	শ্রো	০	০	ত	০	স্য	শ্রো	০	০	০০০	ত্র	ম্	০

না	র্সা	র্রা	-র্গর্রা	-র্গর্রা	-র্সা	[র্র]র্সা	র্সা	-র্রর্সা	-র্রর্সা	ণা	-া
ম	ন	সো	০০	০০	০	ম	নো	০০	০০	য	দ্

ণা	না	ধা	ণা	-া	ণা	-া	ণণধা	-ধণর্সা	-র্সা	র্রা	র্সা	-া
ৱা	চো	হ	ৱা	০	চ	ম্	ৱা০০	০০০	০	গ	তী	০

-ণা -ধা -পধা পা -া -া -া

০ ০ ০০ ত ম্ ০ ০

পা -র্রা -র্র্জ্ঞা র্রা র্সা

প্রা ০ ০০ ণ স্য

র্রা -না -র্সা -ধনসা র্সা -া -া

প্রা ০ ০ ০০০ ণ ম্ ০

র্রা র্সা -া -া -া

প র ম্ ০ ০

-পা -া পা পা -পধা -পধণা -ধণর্সা -ণর্সর্রা

০ ০ ৰ রে ০০ ০০০ ০০০ ০০০

র্সা -র্রা -র্সণা -ধপা -মা -পা II II

ণ্য ম্ ০০ ০০ ০ ০



An Honour to our Member of the Council

We are happy to inform our members that **Professor Syamal Chakrabarti**, presently the Publication Secretary, The Asiatic Society, has been elected as a Fellow of the **National Academy of Sciences, India (NASI)**, the oldest Science Academy of India established in the year 1930 by a group of world famous scientists led by Professor Meghnad Saha (the founder president). It is known to the members that Professor Meghnad Saha was also the President of The Asiatic Society in 1945.

The Nagas and the Manipuris in the Context of their Socio-religious and Cultural Continuity : A Study in Some Areas of Manipur

Dhriti Ray
Assistant Professor, Department of Museology, University of Calcutta

The recorded shreds of evidences state, Manipur was an independent kingdom established by Nongba Lairen Pakhangba in the 1st Century CE and later his descendants ruled Manipur. By the 'Treaty of Yandabu' in February 1826, the British took control and in 1891 joined it with British India. In October 1949 Manipur became part of Independent India. It was made a Union Territory in 1956 and a full-fledged State on 21st January 1972 by the North-Eastern Areas (Reorganisation) Act, 1971. The state is well known as the 'Jewel of India' after the statement of Pandit Jawaharlal Nehru, given for its unique cultural diversities and natural beauty. One of the significant research projects that had been done on Manipur in The Asiatic Society, Kolkata was 'The study of the Nagas and the Manipuris in the context of their socio-religious and cultural continuity : A study in some areas of Manipur' . The Research Project was conducted during the years 2007 to 2009 by Dr. Dhriti Ray, as an External Project Investigator In-charge in The Asiatic Society, Kolkata under the supervision of Dr. Satyabrata Chakrabarti and with the funding of The Asiatic Society.

The research work aimed to explore the social, political, religious, and cultural life of the Nagas and the Manipuris (the Manipuri ethnic groups, who were later merged as Meitei), who were inhabiting the Indian State of Manipur since time immemorial in the close proximity. The study had been done with a critical analysis to find out the reasons behind the growth of two isolated socio-religious groups sharing the same niche. It was a case study also to understand the habit and habitat of the Nagas and the Manipuris in the State of Manipur; their shift after the acceptance of the foreign religions; the continuity of their ethnic culture; and why, staying in close proximity, none of them interchanged culture; and how they are maintaining their original ethnic culture till today.

I

The research revealed that Manipur is the kingdom in existence, found in the Vedic literature. According to Dr. Suniti Kumar Chatterjee, they were Kiratas and as Kiratas, their mentions are found in the *Yajurveda* and the *Atharvaveda*. Evidence of the Nagas and the Manipuris separately by name and also as Kiratas are found in the great epic *Mahabharata*, though the location of the Manipur Kingdom as mentioned in the *Mahabharata* is shrouded in mystery. However, Dr. Suniti Kumar Chatterjee emphasised the settlement of the Nagas and the Manipuris in close proximity in the geographical area of the Manipur Kingdom, since or before the arrival of the Aryans in India. According to

T. C. Hodson, the four ethnic groups, such as Koomul, Luwang, Moirang, and Meiteis inhabited the Manipur hills, as the valley area earlier was fully covered with water. Later expansion of landmass in the valley, attracted them to settle in the Manipur Valley where the four ethnic groups merged as Meiteis and at present, they only identified as Meitei. The Nagas mainly the Tangkhul, Mao, Maram, Poumai, and Kabuis also inhabited the Hills of Manipur in close proximity with the Manipuri ethnic groups since time immemorial but they remained in the Hills after the migration of the Manipuris. Dr. Brown, in this matter of fact, added that the Manipuris (Meiteis and their ancient subgroups) and other hill tribes (including the Nagas), at one time might originate from a common ancestor and had no prominent differences.

Tracing the early evidence of habitation, the research explored that according to the objects like stone and bone tools, animal remain, etc. found in a few caves in the Hills of Manipur, humans inhabited this part, from the Late Paleolithic period. The first evidence of the Pleistocene man in Manipur dated about 30,000 years ago. Present inhabitants are believed to be the Indo-Mongoloids and are of Sino-Tibetan linguistic group.

The recorded chronological history of The Manipur Kingdom – *The Royal Chronical,* written in archaic language, which was later studied by British and Indian scholars, stated that Nongba Lairen Pakhangba in the 1st Century CE established the Manipur Kingdom. Since then, a chronology of the rulers is found supported by various inscriptions and issued coins. They were Meiteis and the fact established that the Nagas inhabited the hills surrounding the Manipur valley, having different habits, habitation, beliefs, practices, etc.

Earlier both the Nagas and the Meiteis believed in Animism or nature worship. Their all rites, rituals, festivals, etc. were related to nature. Later, both ethnic groups were exposed to Hinduism, Buddhism, Vaishnavism, Jainism, Islam, and Christianity. When the Manipuri King accepted Vaishnavism and declared it as the state religion, the Meiteis accepted it but they never come out completely from their ancient beliefs and practices and till today they celebrate some of their ancient Tantric cultures. The Nagas on the other hand accepted Christianity, and they also practice their own tradition, rites, rituals, festivals, costumes, etc. Both ethnic groups are now exposed to the modem wave of westernization and globalization. Young generations are frequently going out of India for their needs and the ethnic culture is now subjected to western cultural influences. All these facts conceptualized the framework of the research project for documenting the entire changes, searching out various challenges and best practices.

II

The research covered the socio-religious and cultural aspects of the Meiteis and the Nagas residing in the State of Manipur. Among social and cultural aspects, house patterns, weaving, textiles, ornaments, pottery, arms, armoury, art and crafts, and musical instruments; birth, marriage, and death rituals; dance, and drama, music; traditional sports, etc. were studied. Among the religious aspects ancient belief system, the practice of nature and ancestors' worship, rites and rituals, festivals, etc. associated with Animism, Vaishnavism, and Christianity and practiced by the Meiteis and the Nagas residing in the political boundary of Manipur were discussed specifically.

The objectives of the research work were : Firstly, to study the socio-religious and cultural life of the Nagas and the Meiteis in the ancient period when both did not expose to any external religious forces.

Secondly, to study their shifting from their original culture, beliefs, and practices when both of the Nagas and the Meiteis were exposed to foreign religious forces and accepted the external religions.

Thirdly, to study the continuity of ancient or ethnic culture by both the Nagas and the Meiteis till the present day despite accepting the different religions and cultures.

Fourthly, to understand how far or at what extent, the two ethnic groups exchanged culture between them staying in close proximity.

The research work was basically ex-post-facto research work with historical approaches done with both primary and secondary sources of information. Primary information was collected in a structured way, from the Naga-inhabited Ukhrul district; Andro, in Tamenglong District; Rongmei Village and Meitei inhabited areas in Imphal Valley; Moirang, and Bishnupur area. Here, individual dwelling houses, basketry, pottery, textiles, rites, rituals, festivals, food-habits were studied. The entire event of the present Meitei marriage system was studied by attending a Meitei marriage ceremony in a village near Imphal. *Lai-Haraoba* festival—which reflects the ancient tantric culture of the Meiteis, was attended in the villages of Manipur. The Naga Festivals organized by the Department of Tourism; Government of India were documented being present in this festival. During the field study discussions and interviews were conducted with few scholars and subject experts at Manipur University. Documentation of dance and martial art of Manipur had also been done by observing the live performance in the State Kala Academy in Imphal such as Thang-Ta and Ras Leela.

The secondary information was collected from the State Kala Academy, Imphal, studying at the galleries, reserve collections and libraries of the Manipur State Museum, Mutua Museum, Andro, The Asiatic Society Library, and the National Library in Kolkata. The literary sources included the Census Report from 1901, Diaries of British Political Agents, Government Reports, the books written by the British, Indian and local scholars, Reports of the State Kala Academy, Imphal etc. Photographs were mostly taken while the field visit and also collected from the State Kala Academy, Imphal, Manipur State Museum, Imphal, and Mutua Museum, Andro. The researcher has added a detailed list of books, journals, and reports, which were referred for the study in the Bibliography Section.

III

The researcher divided the study into six chapters and all the findings were incorporated accordingly. Chapter I was on 'Socio-Religious and Cultural life of the Meiteis before Vaishnavism'. It included the origin, myths, and ancient traditions of the Meiteis. At the beginning of the Christian Era, Manipur Valley was occupied by seven *yeks* (tribes) or *salais*— Ningthouja (Meitei), Angom, Chuman, Moirang, Luwang, Chemlei, and Khaba-Nganba. Each of them had different types of weapons and dress codes. Eventually, *Ningthouja* or Meiteis subjugated the rest. Meiteis observed folk culture, rites, and rituals and worshipped their nature gods and goddesses as followers of their ancient animism and tantric beliefs. *Maibi* (priestess) and *Maiba* (priest) were assigned to perform all religious rites and rituals. They had ancestors' deities, clan deities, domestic deities, and tutelary deities. They worshipped tree cults, sacred stones and practiced blood sacrifices. In the typical Meitei dwelling house or *Yumjao* there was an important place for Lord *Sanamahi* (Sun God), Goddess *Ima Leimarel Sidabi*. They used to build *Lairu*—a small mound near the fireplace for performing rituals. They worshipped Lai or ancestor God while performing birth rituals. They had a typical marriage system and conditions for divorce. They worshipped *Laiyupanthaba* to avoid the death of infants and developed a small hut outside their dwelling house for dying people, as they believed, death at home is a bad omen and if anyone died at home, they destroyed that home or cleaned thoroughly. There were divisions or *sagies* in the society who had fixed occupations, dress codes and social strata.

Meites used to collect gold from China and Burma mainly to manufacture their ornaments. They used to collect mulberry from China for preparing silk in their shuttle looms. Their textiles were mainly made of cotton, weaved in their looms fixed in every house. Manipur was on the silk route and a center for trade and commerce with Burma, China and India extending up to Afghanistan. Basketry, weaving, pottery making, , animal husbandry, fishing, blacksmith, and agriculture were their major occupations. Music, dance, polo, *Heikru Hitongba* (boat race), etc. were invariable parts of their tradition. No festivals such as *Cheiraoba, Lai-Haraoba, etc.* were completed without these events. Martial Art like *mukna* (local style of wrestling) was in pick being the necessity to survive against the fighting races like the Nagas, Kukis, Lushais, etc. Headhunting was a frequent event like the Nagas. They discovered a water clock for viewing time.

In Chapter II, 'Socio-Religious and Cultural life of the Nagas before Christianity', the researcher explored various facts about the Nagas that they observed prior to the foreign administrative and religious influences. The Nagas such as the Tangkhul, Mao, Maram, Poumai, and Kabuis lived in hills occupying 90% areas of Manipur forming their own villages demarcated by strong boundaries and village gates. Their social lives were different from one another, reflected through their typical house pattern, dresses, and religious practices. Their *khel* and *morung* culture, wood carvings, various occupations, ancient traditions like headhunting, the feast of merit, erection of megalithic monuments, birth, marriage, and death rites etc. are discussed. Details account of their traditional jewelleries made of beads, precious and semi-precious stones, ivory, brass, bell metals etc.; art and crafts; paintings, basketry, hunting kits, pottery, handlooms, etc. are given in this chapter. Descriptions on cowries and conch shells, predominantly used in their ornaments and shawls to denote the social rank of the wearers are also given. They also used boar tusks, and feathers of birds over their head gears. Their ornaments were also their tools for defense. The design, colour, and style of handlooms were specific to Chiefs, warriors, and who had collected enemies' heads. Festivals and dances, worship of deities, etc., birth ceremonies, name-giving ceremonies, marriage and death ceremonies, are discussed briefly. Among the religious life, the Naga deities, the culture of ancestors' worship, nature worship, worship of stone, etc. are all described briefly.

Chapter III, 'Religious influences on the Meiteis and the Nagas and impact on their Socio-religious and Cultural Life', describes, although the wave of Buddhism, Islam, and Jainism came to Manipur, it could not leave any impact on both the Meiteis and the Nagas. During the 15th century, the Vaishnav preachers influenced so greatly to the Kings of Manipur that they give royal patronage to the religion and declared Vaishnavism as the state religion in the 19th century CE. As a result, Meiteis were forced to accept Vaishnavism but it could not influence the Nagas. Vaishnavism impacted so greatly that Meiteis stopped eating meat and rearing animals. They abolished their age-old headhunting tradition, employed priests in the temples, started cremating their dead bodies, etc. The Sati custom was introduced in Manipur by Shanta Das in the 18th Century and was evident in a few places. His followers burnt some religious Meitei manuscripts and destroyed the abodes of traditional deities of the Meiteis. They introduced Hindu Gotras to the seven clans of the Meiteis and identified Meitei festivals with the Hindu festivals. Christianity in the 20th Century CE influenced significantly the Nagas and changed their social life greatly. The teachings of the Christian Missionaries succeeded to restrain the Nagas from their age-old regular raids for headhunting. For their martial art, the British Government deputed the Nagas into the British Force. The Nagas accepted English education, and performed the name-giving, marriage, and death ceremonies as like in the Christian tradition. They also acquired the

western dress codes and western culture.

Chapter IV is on 'Continuity of ancient Socio-Religious and Cultural system of the Meiteis Today'. The chapter describes the influence of Vaishnavism that altered the life of common Meiteis to a great extent till the 19th century CE. This period can be stated as the renaissance in Manipuri culture. A new school of dance had been developed in this period under the royal patronage of King Bhagyachandra and his daughter. They had developed Rasa Leela performance with a unique style and rhythm. Of its ethnicity and serenity, this dance became one of the classical dances of India. In this period Manipuri style of Nata Sankirtana, Palas, and Kirtana were developed that enriched the Manipuri culture. The impact of the Bengali Brahmins was so great that Bengali script was used greatly in this period. Though the progression of a new culture was in pick the Meiteis never left their ancient ethnic religious and cultural practices and continuing their old tradition in modified form, simultaneously with the new culture. It is because they accepted the new religion and culture under royal pressure and could not forget the age-old culture that was transmitted within them orally.

In Chapter V, 'Continuity of traditional Socio-Religious and Cultural systems among the Nagas Today', the researcher documented in detail the social and religious life of the major inhabiting Nagas of Manipur today, such as Tangkhul, Mao, Maram, Kabui, Maring, Poumai, Quoireng, Anal, Kacha Nagas, after accepting the Christianity. Unlike the Meiteis, who accepted Vaishnavism as royal order, the Nagas accepted Christianity, getting influenced by the preaching of the Christian Missionaries. Though Christianity has changed the Nagas greatly and now more than 90% of Nagas in Manipur are Christian, literate, educated, and accepted western customs and culture, they still are trying to preserve their ancient customs through observing festivals. Due to modernization, technological development, and also for the loss of natural forests, they are building their homes in concrete but still following their typical architectural pattern. Cowries are now replaced by plastic buttons, ivory is replaced by bamboo, jhum cultivation by terrace cultivation etc. but in all senses, they are continuing their ethnic tradition, music, and dance, celebration, etc. traditionally. Though they wear western dresses every day, they always wear traditional costumes during their festivity and performance of dances.

Chapter VI is on 'Inter-penetration of culture and traditions among the Meiteis and the Nagas Today' which emphasized the cultural exchange between the Meiteis and the Nagas. It has been found that both of them observe their own festival, rites, and rituals in isolation. No Naga allows any Meitei or any other group of people during their observance. Both of them have a strong belief in animism. Christianity could not change the food habits of the Nagas. Although they accepted the new religion, in their psyche, they could not forget their age-old beliefs and practice parallelly not influencing each other.

The research successfully pointed out that in this world many small cultures were ruined due to the impact of foreign cultures and religions. No such major incidence has been evident in Manipur. All the ethnic culture, other than the evil practice of headhunting and superstitious beliefs; is surviving successfully under the umbrella of newly accepted religion and culture. The Genuine effort from the inhabitants, their love towards their own tradition as well as for the initiative of the Government, by organizing festivals, sending the cultural troops to other countries for representing the diversities in Indian culture, save their indigenous culture. Thus, Manipur is a classical example of the continuity of millennium years old ethnic culture till today overcoming all the challenges and influences.

Vigilance Awareness Week 2022

Visitors in the Society

